# একত্রিত হওয়ার সময় ও চিহ্ন

শুভ সন্ধ্যা। আজ রাতে এখানে এসে এই স্থানে দাঁড়ানোর সৌভাগ্য হয়েছে।

2 আমি, আজ সকালে, পথে আসার সময়...আমি প্রার্থনা করছিলাম, প্রভুর জন্য অপেক্ষা করছিলাম। আর পথে আসার সময়, আমি একজন—একজন রেডিও সেবক, ভাই স্মিথ, নিগ্রো ভাইকে শুনছিলাম (আপনারা কি আজ সকালে তার বার্তা শুনেছেন? আপনাদের মধ্যে কেউ?) সেখানে, আমি বিশ্বাস করি এটি ওহিও। কেউ আমাকে তার প্রচার সম্পর্কে বলছিলেন, আর বললেন, "আপনাকে তাকে শোনা উচিৎ," এইরকম।

3 আমি আজ সকালে তাকে শুনেছি। এবং তিনি বলছিলেন যে কীভাবে সেই পাপ আজ বিশ্বে প্রচুর পরিমাণে রয়েছে, আর তিনি... আর আমি একটু দূরে চলে যাই, সেখান থেকে স্টেশনে, এবং ফিরে এসে আরেকটি শুনতে পেলাম। আমি এখানে নামার সময়, আমি প্রায় প্রস্তুত ছিলাম, দেখুন মণ্ডলীতে আসতে খুব বেশি দেরী যদি না হয়ে থাকে, আজ সকালে যখন আমি প্রবেশ করলাম। তাই, আজ রাতে এখানে প্রভুর সেবা করতে পেরে আমরা সত্যিই বিশেষ সৌভাগ্যের অধিকারী।

4 আর ভাই নেভিলের বিষয়ে, এবং গত দিনের বার্তা, এই মহিলার জন্য, আমাদের বোন, যিনি এইমাত্র আমাদের ছেড়ে চলে গেছেন। তিনি, আমরা সকলে জানি তিনি কে, তিনি বোন ওয়েভার। আর এখানে একজন ব্যক্তির কথা ভেবে, আজ রাতে বাপ্তিস্ম নিয়েছেন; তাকে...আমি যখন তাকে এই পুকুরে বাপ্তিস্ম দিয়েছিলাম...তাদের তাকে এখানে হুইলচেয়ারে নিয়ে আসতে হয়েছিল। তিনি মারা যাচ্ছিলেন, ক্যান্সারে, তিনি শুধু সেই রাতটি জীবিত থাকতেন; ডাক্তাররা তাকে ছেড়ে দিয়েছিল, পরের দিন সকালে তিনি মারা যাচ্ছিলেন। আর আমি তার বাড়িতে গিয়েছিলাম এবং তার সাথে ঐশ্বরিক আরোগ্যদান সম্পর্কে কথা বলার চেষ্টা করেছিলাম, আর তিনি কেবল পুনরাবৃত্তি করতে থাকেন, "আপনি আমার ছাদের নিচে আসার যোগ্য, আমি নই।" তিনি বলেছিলেন, "আমার ঘরে একজন সেবক আসেন তার যোগ্য আমি—আমি নই।" তিনি বলেছিলেন, "আমি একজন পাপী।" কিন্তু তিনি বললেন, "মহাশয়, আমি এভাবে মরতে চাই না।" আর তাই গ্রেস ওয়েবার,

এখানে, আমাকে সেখানে নিয়ে গেলেন। আমি সবেমাত্র ভিতরে এসেছিলাম, সভা থেকে ক্লান্ত হয়ে; আর সেখানে যখন আমি তার জন্য প্রার্থনা করছিলাম, এবং তার জন্য শাস্ত্র পড়ছিলাম, তিনি রক্ষা পেয়েছিলেন। আর, তিনি খুব কষ্টে তার হাত উপরে তুলতে পারতেন, কিন্তু তিনি সবার সাথে করমর্দন করতে চান। তিনি শুধু... তার কিছু হয়েছিল।

5 আর যখন তারা করমর্দন করছিল, তখন আমি একটি দর্শন দেখি যে তিনি একটি মুরগির খাঁচার কাছে যাচ্ছেন, ফিরে আসছেন। আমি বললাম, "ঠিক আছে, এখন সব ঠিক হয়ে যাবে"; আর সেটি আঠারো বছর আগের কথা। আর তিনি সেই ক্যান্সারের থেকে বেরিয়ে আসেন, সম্পূর্ণরূপে। যদি তিনি মারা গিয়ে থাকেন... ক্যান্সার নিয়ে কখনও মারা যাননি, তাঁর হার্ট অ্যাটাক হয়েছিল আর তিনি মারা গেছেন। তারা তাকে অক্সিজেন দিয়েছিল; তিনি হার্ট অ্যাটাকে মারা যান।

6 আর তখন আমি ভাবছিলাম, ঠিক শেষ সময়ে যখন লোকেরা বাইরে যাচ্ছিল, তারা গান করছিলেন, *তখন যীশু এলেন*। ঠিক তাই হয়েছিল, তিনি এসে এই আঠারো বছরের জন্য তার জীবন বাঁচিয়েছিলেন। আর আমি ভেবেছিলাম, "কতটা উপযুক্ত।" সেই মহিলা সম্ভবত জানতেন না যে তিনি এমনটি করছেন। তারপর, আবার, তার থাকতে পারে। কিন্তু সেখানে সেই অংশটি থাকা কতটা উপযুক্ত ছিল, *তখন যীশু এলেন*।

7 এখন একটু আগে, আমি—আমি আশা করি, সভার জন্য আমার দুর্বলতা। আমি সত্যিই নার্ভাস হয়ে পড়ি। আজ সকালে, আমি এত দুমড়ে মুচড়ে গিয়েছিলাম, আমি প্রার্থনা করতে—করতে গিয়েছিলাম। আর আমি—আমি বাড়িতে, এখানে। পরিবার, তাদের অ্যারিজোনায় নিয়ে গিয়েছিলাম, আর আমি...বাচ্চারা স্কুলে যায়। আর আমি এখানে ফিরে এসেছি একরকম—একরকম আরাম করতে, ভাই উড এবং এখানে ভাইদের সাথে শিকারে যাওয়ার জন্য; এই আসন্ন সপ্তাহে শিকারে যাওয়ার জন্য। আমরা কেন্টাকিতে যাচ্ছি। আর আমি...সেখানে ছিলাম...আমি ঠিক সেদিনই এসেছি যখন—যখন মিসেস ওয়েভার মারা যান, আর এটা ভালো যে আমি এখানে থাকতে পেরেছি এবং সেই অন্ত্যেষ্টিক্রিয়ায় ভাই নেভিলকে সাহায্য করতে পেরেছি।

8 আর আমি চেষ্টা করি না...আমি চেষ্টা করি না—এই সম্পর্কে খুব বেশি বলতে, আপনারা জানেন, আশেপাশে লোকজন অভিযোগ করছেন। কারণ, আমি মনে করি, সবচেয়ে ভয়ঙ্কর

জিনিসগুলির মধ্যে একটি হল একজন—একজন পুরুষ অথবা একজন মহিলা যিনি ক্রমাগত অভিযোগ করেন। আমি সবসময় ভেবে থাকি, "ঈশ্বর, আমাকে এর থেকে রক্ষা করুন।" দেখুন, সেটা—সেটা সব সময় বিশ্বাসকে দুর্বল করে, আপনারা জানেন। আপনি শুধু—আপনি শুধু...আপনি যদি—আপনি যদি...আমি জানি তাদের বয়স বাড়ার সাথে সাথে, আমরা প্রত্যেকে, আমাদের সঙ্গে কিছু ঘটে, কিছু ঘটতে থাকে। আর আমি জানি যে এই ছোট জিনিসগুলি জমা হতে থাকে, এটি আপনার বয়স বাড়ার সাথে সাথে, তাদের হতে হবে। তবে আমি মনে করি সবচেয়ে ভয়ঙ্কর জিনিসগুলির মধ্যে একটি হল শয়তান কোন ব্যক্তির জীবনকে মুকুট পরিধান করায়: একজন বৃদ্ধ পুরুষ বা একজন বৃদ্ধ মহিলা, আপনারা দেখুন। আমি—আমি আশা করি আমি যেন সেই স্থানে না প্রবেশ করি। আমি আশা করি যে আমি এটা সহ্য করতে পারব, আমার বোঝা, এবং—এবং একটি স্থানে যেতে...আমি আমার জীবন ঈশ্বরের মহিমা দ্বারা মুকুট পরিধান করাতে চাই: তার ধৈর্য্য, ভদ্রতা, শান্তি, নম্রতা এবং পবিত্র আত্মায় পূর্ণ হয়ে।

9 আর আমি...আর একটি বিষয় যা আমার জীবনে সর্বদা আমাকে আঘাত করে, তা হল স্নায়বিক অবস্থা। যখন আমি এত জীর্ণ হই, তখন আমি সত্যিই ক্লান্ত হয়ে পড়ি। আমি...এমন অনুভূতি যে কেউ আপনার জন্য চিন্তা করে না, আপনারা জানেন, এবং—এবং আপনারা সকলে...আপনাদেরও এটা হয়। আর আমি এটি সত্যিকারের ওভারডোজ হয়েছে, আপনারা জানেন, আর এটি কখনও কখনও খুব খারাপ হয়ে যায়, আর আমি খুব কষ্টে...এটি হল চিন্তা, আর এটিই এটির কারণ। আর আমি ততবার একটি স্থানে পৌঁছাই, বিশেষ করে সেই দর্শনগুলোর সঙ্গে, আপনারা দেখুন, এটা আমাকে ধরে ফেলে। আমি একজন ব্যক্তির দিকে তাকাই, আমার মনে হয়, "এটি একটি দর্শন। না, না, না, তা নয়। হ্যাঁ! তা না হয়?" দেখুন? আর আপনারা ঠিক বুঝতে পারবেন না যে এর কী মূল্য দিতে হয়। তাই তখন—তাই তখন আপনি—আপনি আশ্চর্য হন। তখন আপনি ভাবতে থাকেন, "আচ্ছা, আপনি..." তখন আপনি আপনার পাশ থেকে নেমে বলেন, "আচ্ছা, এখন, আমি কি—আমি কি করেছি? এখানে আমি, আমার—আমার বয়স পঞ্চাশ বছর আর আমি প্রভুর জন্য কিছুই করিনি; আর আমি—আমি বৃদ্ধ হয়ে যাচ্ছি। আর কি...? ওহ, আমার।" তখন আপনি শুধু...যাকে আমরা বলতাম "দুঃখিত।" আমার সমবয়সী ভাইদের মনে আছে যে তারা কি বলতেন "দুঃখিত অনুভব করা।" পপ এই বিষয়ে বলতেন

এবং আমি ভাবতাম তিনি কী বোঝাতে চেয়েছিলেন, আর এখন আমি জানি তিনি কী বোঝাতে চেয়েছিলেন। তাই তখন, আপনি সেইরকম অনুভব করতে থাকেন, যা এর কোনটিই সত্য নয়; এটা শুধু আপনি, আপনি এটা জানেন। দেখুন, আপনি এটি জানেন, এটি শুধু আপনিই করছেন।

10 তাই আমি এখন নিজেকে একটু শান্ত করার চেষ্টা করছিলাম, আর বড় ধাক্কা—ধাক্কার জন্য প্রস্তুত হচ্ছিলাম যা আমি আশা করি শীঘ্রই আসছে। আর তারপর...আমাকে এখনই নিউইয়র্কে যেতে হবে, আর আমি...সেখানে একটি সভার জন্য, একটি অভিযান। এবং তারপরে শ্রেভপোর্টে, তারপর ফিনিক্সে ফিরে আসব। তারপর পশ্চিমে ঘুরে...মার্কিন যুক্তরাষ্ট্রের দক্ষিণ সীমান্তে। এবং তারপরে তারা এখন বিদেশের জন্য ব্যবস্থা করছে, বছরের প্রথম থেকে যত তাড়াতাড়ি সম্ভব শুরু করার জন্য, হয়তো মার্চ, এপ্রিল, এরকম কিছু; স্টকহোম বা অসলো থেকে শুরু করে, সারা বিশ্বে, যদি আমরা এই পরবর্তী সফরে যেতে পারি।

11 এখন আমি বাড়িতে আছি, কিছুটা বিশ্রাম নিচ্ছি, নিজের কাছে ফিরে আসার জন্য এবং কিছুটা সুস্থ হওয়ার জন্য। যদি প্রভুর ইচ্ছা হয়, আমি পরের রবিবারে কেন্টাকি থেকে ফিরে আসব। আর—আর যদি সবকিছু ঠিক থাকে, প্রভুকে খুশি করে, ভাই নেভিল কিছু মনে করবেন না; ঠিক আছে, আমি পরের রবিবার সভা করার চেষ্টা করব, যদি—যদি প্রভু ইচ্ছা করেন। আর যদি তিনি ভাই নেভিলের মতোই ইচ্ছুক হন, আমি—আমি এখানে থাকব। হ্যাঁ মহাশয়, তিনি ঠিক...যদি তিনি ভাই নেভিলের মত এই বিষয়ে ইচ্ছুক হন। আমি আশা করি তিনি। এখন, দেখুন, তাহলে আমি জানি আমি শীঘ্রই, যদি প্রভু ইচ্ছা করেন, আমি আপনাদের কাছ থেকে বেশ কিছুদিনের জন্য দূরে চলে যাব।

12 আর আমি...শুধু ক্ষুদ্র বার্তা, যেমন আমি আমার হৃদয়ে সামান্য কিছু পেয়েছি, তখন আমার—আমার—আমার মনে হয়েছে যে আমি এটি আপনাদের কাছে প্রকাশ করতে চাই, আপনারা দেখুন, আর আমরা এটিকে ঘিরে সহভাগিতা করতে পারি। এখন, আমার কাছে তাদের মধ্যে বেশ কয়েকটি রয়েছে, পাঁচ বা ছয়টি যা গত কয়েক দিনে আমার কাছে এসেছে। কয়েকদিন আগে আমি কাঠবিড়ালি শিকার করতে গিয়েছিলাম। আমি বনে, আমি একটি পেন্সিল আর কাগজ নিয়ে যাই। দেখুন ? যখন সময় ভালো থাকে এবং দিনের আলোয়, আমি কোথাও একটি গাছের সাথে হেলান দিয়ে। যদি আমি ঘুমিয়ে না যাই, আমি প্রার্থনা করতে শুরু করি,

আর তখন আমি, প্রভু আমাকে কিছু দেন, আমি এগুলি ছোট ছোট নোট করে লিখতে শুরু করি, আপনারা জানেন। আপনারা জানেন আমি কি বলতে চাচ্ছি; যখন আপনি নিজেকে ফিরে পান, তখন আপনি...তখন আমি এখানে আসি, কাগজে এগুলি সব লিখে ফেলি। আর তারপরে যখন আমাকে ডাকা হয়, আমি দৌড়ে আমার কাগজটি নিয়ে আসি আর এটি দেখে আমি কী দিয়ে আরম্ভ করব তা দেখতে থাকি, আপনারা দেখুন। এখন সেটাই হয়েছে।

13 তাই এখন, আমি চাই, যদি প্রভু ইচ্ছা করেন, কথা বলতে... আমি চেষ্টা করছি...বড়, দীর্ঘ বার্তা ছোট করতে, আপনারা দেখুন; যেটি আপনাদের কয়েক ঘন্টা লাগবে। আর প্রভু আমাকে শিকাগোতে এর একটি ছোট কাজ করতে সাহায্য করেছিলেন, সেখানে শেষ রাতে, প্রায় ত্রিশ মিনিট। আর কেউ একজন এসে বললেন, “আমি মনে করিনি যে এটি আপনার মধ্যে ছিল, কিন্তু আপনি এটি করেছেন!” ত্রিশ মিনিট, প্রায় আড়াই ঘন্টা থেকে, বা তিন ঘন্টা, আপনারা জানেন। তাই হয়তো আমি আজ রাতে তাড়াতাড়ি করে একটু অনুশীলন করতে পারি, আপনাদেরকে বেশিক্ষণ ধরে রাখব না।

14 ঈশ্বর আপনাদের আশীর্বাদ করুন। আমি যেখানেই যাই না কেন, সেখানে কখনই এই ট্যাবারনাকেলের মতো স্থান হবে না। এটা বাড়ি, মিষ্টি বাড়ি। আর আমি ওয়েভার পরিবারের প্রতি সহানুভূতিশীল। আর এই মূল্যবান নিগ্রো ভাই যিনি মারা গেছেন, সে চলে যাওয়ার আগে আমি তার সাথে কিছুক্ষণ প্রার্থনা করেছিলাম, একজন সুন্দর ব্যক্তি। তিনি এখন ঈশ্বরের সঙ্গে বাড়িতে আছেন, এটি সব শেষ হয়ে গেছে। আর আপনাকে যেভাবেই হউক যেতে হবে, আর আমরা সকলে তা জানি। তাই আমরা...প্রভু তাদের আত্মাকে শান্তিতে বিশ্রাম দিন, আর আমরা একদিন সেই দেশে যোগ দেওয়ার জন্য আশা করি, যেখানে কোন অসুস্থতা, দুঃখ বা মৃত্যু নেই। ততক্ষণ পর্যন্ত, আসুন সুসমাচারের জন্য আমরা যা করতে পারি তা করি।

15 চিন্তার কথা বললে, আমি আজ সকালে এই বিষয়ে প্রার্থনা করছিলাম। চিন্তা না থাকলে আপনি কি করতেন? শুধু এটা নিয়ে ভাবুন। চিন্তা জীবনযাপনের অংশ। আমি যখন এটা ভেবেছিলাম তখন এটি এক ধরনের আমাকে উৎসাহিত করেছিল। আপনার যদি কোন চিন্তা না থাকে, আপনি একটি কাপড়ের পুতুলের মত হবেন, আপনার কোন অনুভূতি থাকবে না। কোন বিষয় থাকবে না যার উপর আপনি কাজ করতে পারেন। স্বামী-স্ত্রীর মতো, যদি সে কিছু করতে চায়, আর তারা একসাথে কাজ করার চেষ্টা করছে (বিশেষ

করে খ্রিস্টানরা), এবং অন্য একজন চায়...আর যখন আপনারা একসাথে আসেন...সে কি করেছে তা আপনি খুঁজে পান; সে খুঁজে পায়...দেখুন, চিন্তা সত্যিই আপনাদেরকে আরও কাছাকাছি নিয়ে আসে। আর কেউ আপনাকে বলে যে, "ঠিক আছে," বলেন, "শুধু স্ত্রীর বিষয়ে ভাবুন যিনি অনেক মানসিক চাপের মধ্যে দিয়ে গেছে যখন আপনি খুব ভালো ছিলেন না," অথবা "আপনি যখন খুব ভালো ছিলেন না তখন আপনার স্বামী অনেক মানসিক চাপের মধ্যে দিয়ে গেছে। তারপর যখন সবকিছু ক্ষমা করা হয়, তখন দেখুন আপনি তার বিষয়ে কেমন অনুভব করেন। আমার, আপনি শুধু..." দেখুন, আপনার টেনশন হওয়া উচিৎ। এটাই।

16 শুধু অনুভূতি সম্পর্কে চিন্তা করুন, যদি আপনার কোন অনুভূতি না থাকে, কোন ব্যথা বা কিছুই না থাকে? যদি কোন ব্যথা না থাকে তাহলে কি হবে? আপনার কোন অনুভূতি থাকবে না। দেখুন? আর যদি আপনার অনুভূতি না থাকতো, তাহলে আপনার একটা ইন্দ্রিয় চলে যেত। দেখুন? সুতরাং, দেখুন, যেভাবেই হোক সবকিছু ঠিক আছে। তাই, "ঈশ্বর, আমাদেরকে সহ্য করার অনুগ্রহ দান করুন," এটাই বিষয়। আমরা যদি সেই অনুগ্রহ নিয়ে দাঁড়াই, এবং সেখানে দাঁড়িয়ে বলি, "আমরা জানি যখন এই জীবন শেষ হয়ে যাবে, অন্য পাশে সেই মহান ব্যক্তিরা যেখানে আমরা যাওয়ার জন্য তাকিয়ে আছি।" আর এখন, আমরা—আমরা মনে রেখেছি যে এই সমস্ত বিষয়, এটি একটি উত্তেজনা।

17 যে, কিছু মানুষ খ্রিস্টধর্ম প্রবর্তন করার চেষ্টা করে, যে "আপনি চিন্তা থেকে মুক্ত। আপনি..." না, আপনি নন। "আপনি টেনশন থেকে মুক্ত।" ওহ, না! যখন আপনি একজন খ্রিস্টান হন তখন আপনি টেনশন বাড়িয়ে তুলেন, কারণ আপনি এক ধরণের প্রবাহমান, স্বচ্ছন্দে চলমান, সেখানে যাই থাক না কেন, আপনি কি করেছেন তা পরোয়া না করে।

18 কিন্তু যখন আপনি একজন সত্যিকারের খ্রিস্টান হয়ে যান, প্রতি মুহূর্তে আপনি ভাবেন, "আমি কি আমার প্রভুকে খুশি করছি? যদি আমি তার কাছ থেকে শুনতে পেতাম!" তিনি আপনাকে চিন্তার মধ্যে রাখেন, আপনাকে রক্ষা করেন। এটিই আপনাকে তৈরি করে আপনি যা। তাই সর্বোপরি, চিন্তা একটি আশীর্বাদ। এটা আপনি কিভাবে সেটা দেখেন তার উপর তা নির্ভর করে। এটা আপনি যেভাবে এর দিকে দেখেন। দেখুন? আপনি যদি এর অন্য পার্শ্ব দেখেন, সেখানে—সেখানে...আপনি যে কোনও কিছুকে যতই

পাতলা করে কাটুন না কেন, আপনি এর দুটি দিক পাবেন, আপনারা দেখুন। তাই আপনাদের উভয় পার্শ্ব দেখতে হবে।

19 তাই চিন্তা...আমি মনে করি, "ওহ আমার, এটা...চিন্তা কি? আমি যদি এই চিন্তা ছাড়া জন্ম নিতে পারতাম।" ঠিক আছে, আমার কাছে যদি এই চিন্তা না থাকত তবে আমি যা আছি তা হতে পারতাম না। আমি হয়তো খ্রিস্টান হতাম না। এই উত্তেজনাই আমাকে যীশু খ্রীষ্টের কাছে নিয়ে গিয়েছিল। দেখুন? তাই, এটি আমার জন্য একটি আশীর্বাদে পরিণত হয়েছে।

20 তাই তখন, পৌল যেমন বলেছিলেন, যখন তার কোনো চিন্তা হয় বা এই রকম কিছু, তিনি প্রভুর কাছে তিনবার নিবেদন করেছিলেন তার কাছ থেকে—থেকে তা নিয়ে নেওয়ার জন্য। আর প্রভু বলেছিলেন, "শৌল, আমার...পৌল, আমার অনুগ্রহ তোমার পক্ষে যথেষ্ট।"

21 তিনি বলেছিলেন, "তাহলে, আমি অতিশয় আনন্দের সহিত নানা দুর্ব্বলতায় শ্লাঘা করিব। কেননা যখন আমি দুর্ব্বল, তখনই বলবান্।" দেখুন? যতক্ষণ এটি ঈশ্বরের ইচ্ছায় রয়েছে, সব ঠিক আছে।

22 এখন, আমি একবার তাঁর কাছে নিবেদন করেছিলাম যখন এটি আমাকে খুব বিরক্ত করেছিল, এটি আমাকে ভয় দেখায়। আর তিনি আমাকে বললেন, আট বা দশ বছর আগে প্রায়, তিনি বললেন, "এটি তোমাকে আর কখনও ভয় দেখাবে না।" আর এটি কখনই পুনরায় করেনি। না, মহাশয়; না—এটা নিয়ে চিন্তা করবেন না। আমি শুধু এটা অনুভব করি, কিন্তু আমি জানি এটা সেখানে আছে; কিন্তু আমি এগিয়ে যাই কারণ এটি আমাকে আর ভয় দেখায় না, এর জন্য আমি কৃতজ্ঞ।

এখন, তিনি বলতে পারতেন, "এটা আর হবে না," ঠিক যেমন, "তুমি আর ভয় পাবে না।"

23 তাই এটা তার ইচ্ছা যেন এটা ঘটে, তাই আমি এটিকে আলিঙ্গন করে বলি, "প্রভু, আপনাকে ধন্যবাদ, আমি এই পথে হাঁটিব।"

24 এখন, আসুন আমরা আমাদের মাথা এক মুহূর্ত প্রার্থনার জন্য—জন্য নত করি। প্রার্থনার জন্য কোন বিশেষ অনুরোধ আছে কি? (আমি দেখতে পাচ্ছি এখানে রুমাল বিছিয়ে রাখা আছে।) আপনার হাত উপরে তুলুন। প্রভু, আপনার সন্তানদের প্রত্যেককে আশীর্বাদ করুন।

25 আমাদের স্বর্গীয় পিতা, যখন আমরা আপনার মহান, মহিমান্বিত সিংহাসনের নিকটে আসি, কারণ আমাদের আহ্বান করা হয়েছে। আমরা যীশু খ্রীষ্টের আহ্বানের দ্বারা এসেছি। আর আমরা আমাদের সমস্ত চিন্তা নিয়ে আসি, এবং সেগুলি তাঁর উপর অর্পণ করি কারণ তিনি আমাদের জন্য চিন্তা করেন। এটা কত বড় সান্ত্বনা, এটা জানতে পারা যে তিনি আমাদের জন্য চিন্তা করেন। স্বর্গের মহান ঈশ্বর, সৃষ্টিকর্তা, আমাদের চিন্তা করেন, তাঁর সৃষ্টি। আমরা এর জন্য অতন্ত্য অনন্দিত, প্রভু। এই সময়ে যখন আমরা জীবিত আছি, এটা কতই না আরামদায়ক, যখন সেখানে কোন কিছুর থেকে নয় কিন্তু আপনার বাক্য থেকে—থেকে সান্ত্বনা অঙ্কন করা সম্ভব। এটাই আমাদের সান্ত্বনা, আপনার প্রতিশ্রুতি। এবং আপনার প্রতিশ্রুতিতে, আপনি বলেছেন আমাদের অনুরোধগুলি জানাতে, আর "যদি আমার নামে তোমরা কিছু যাচ্ঞা কর, তবে আমি তাহা করিব।" এবং এই সমস্ত মহান প্রতিশ্রুতি: "যাচ্ঞা কর, তাহাতে পাইবে। এই পর্ব্বতকে বল, 'উপড়িয়া যাও,' এবং সন্দেহ না কর, তবে তাহার জন্য তাহাই হইবে।" এই সমস্ত প্রতিশ্রুতি, আমরা যা প্রার্থনা করছি, আমরা সেটা থেকে টেনে আনতে পারি।

26 হাত উপরে উঠেছে, তাদের কিছু দরকার আছে, প্রভু। আপনি তাদের প্রয়োজন জানেন; এটা পূরণ করুন, পিতা। আমি আপনার সামনে তাদের সাথে আমার প্রার্থনা অর্পণ করি, তাদের সাথে আমার হাত উপরে তুলে। এখানে এই টেবিলে রাখা আছে, এখানে রুমাল রাখা আছে। ওহ, লোকেরা কেমন বিশ্বাস নিয়ে, বীরত্বপূর্ণ বিশ্বাস, প্রভু...আপনি আমাকে আশীর্বাদ করেছেন এমন কিছু বিষয়, অসুস্থ মানুষের জন্য প্রার্থনা করার জন্য। যে কোনও স্থানে, যে কোনও জায়গায়, যেখানেই আমি যাই না কেন, অসুস্থদের জন্য প্রার্থনা করার জন্য। ঈশ্বর, এখন সাহায্য করুন। আমি আন্তরিকতার সাথে প্রার্থনা করি যে আপনি অনুরোধগুলি পূর্ণ করবেন এই রুমালগুলো যেগুলো এখানে রাখা হয়েছে, লোকেরা প্রার্থনা করেছে। তাদের প্রতি আপনার করুণা বর্ষিত হোক।

27 প্রভু, আমরা বুঝতে পারি যে সিস্টার হিকস এখানে একজন মহিলাকে নিয়ে এসেছেন, যিনি ক্যান্সার নিয়ে প্রার্থনা করার জন্য কোথাও থেকে বিমানে এসেছেন; আর জানতে চেয়েছিলেন যে তিনি তাকে এখানে আনতে পারেন কিনা। আমি প্রার্থনা করি, ঈশ্বর, যেন আপনি সেই ব্যক্তির জীবন রক্ষা করেন; এটা প্রদান করুন। আমার ছোট ভাগ্নে, মিকি, অসুস্থ হয়ে শুয়ে আছে আর বমি করছে, প্রচন্ড জ্বর নিয়ে, দ্বার থেকে চলে গেছে। প্রভু, আমি—আমি বিশ্বাস

করি, আমরা সেখানে বিশ্বাসের প্রার্থনা করেছিলাম যেন আপনি এটি নিবৃত্ত করেন, আর আমি—আমি—আমি আপনার কাছে কৃতজ্ঞ, আমি অনুভব করছি এই কক্ষ ছেড়ে যাওয়ার আগে ছেলেটির জ্বর ছেড়ে চলে যাচ্ছে।

28 এখন, প্রভু...আর এই সব বিষয়ের জন্য আপনাকে ধন্যবাদ জানাই। আপনার বাক্য নিয়ে কথা বলার জন্য এখন এটা আমার অংশে পড়ে। আমাদের আপনার বাক্য দিন, প্রভু। "আপনার বাক্য হল সত্য।" আমাদের প্রাণকে আশীর্বাদ করুন আর আমাদের—আমাদের যে অনুগ্রহের প্রয়োজন, যাতে আমরা আজ রাতে ঈশ্বরের প্রতিশ্রুতি থেকে তা বের করে আনতে পারি, বাক্যে, এই সপ্তাহের বাকি সময় ধরে আমাদের জীবিত রাখতে; এটা প্রদান করুন। আমাদের পালককে আশীর্বাদ করুন, এই সাহসী প্রাণ, তাঁর স্ত্রী, তাঁর সন্তানদের, ডিকন, ট্রাস্টিদের, এবং প্রত্যেক ব্যক্তি যিনি এই ভবনের ভিতরে বা বাইরে আসা যাওয়া করেন; এটি প্রদান করুন, পিতা। যীশু খ্রীষ্টের নামে আমরা এই আশীর্বাদ প্রার্থনা করি। আমেন।

29 এখন প্রভুর লেখা শাস্ত্রের দুটি স্থান থেকে পড়তে চাই। আমি গীতসংহিতার বই থেকে প্রথমে পড়তে চাই, গীতসংহিতা ৮৬। আর তারপর আমি মথি লিখিত সুসমাচার থেকে পড়তে চাই, ১৬ অধ্যায়, ১ থেকে ৩। আমি এই গীতসংহিতার কিছু অংশ পড়তে চাই, পুরোটা নয় কিন্তু নিচে ১১ পদ পর্যন্ত, যা এটির অর্ধেকের একটু বেশি।

30 আর আমি এটি ঘোষণা করতে চাই, যদি আমি একটি পাঠ্য বলি, আমি এটি প্রচার করার আগে: *একত্রিত হওয়ার সময় ও চিহ্ন*। "একত্রিত হওয়ার সময়ের চিহ্ন," এটি জটিল শোনাচ্ছে। *একত্রিত হওয়ার* (দেখুন ?) *সময়*, একত্রিত হওয়ার সময়, এখনই সেই সময়। এবং সেই একত্রিত হওয়ার সময়ের *চিহ্ন*।

31 গীতসংহিতা—গীতসংহিতায়, দায়ূদের একটি প্রার্থনা, ৮৬ অধ্যায়।

> *হে সদাপ্রভু, কর্ণপাত কর, আমাকে উত্তর দেও: কেননা আমি দুঃখী ও দরিদ্র।*
>
> *আমার প্রাণ রক্ষা কর; কেননা আমি সাধু: হে আমার ঈশ্বর, তোমাতে* বিশ্বাসকারী *তোমার দাসকে তুমিই ত্রাণ কর।*
>
> *হে প্রভু: আমার প্রতি কৃপা কর, কেননা আমি সমস্ত দিন তোমাকে ডাকি।*

*নিজ দাসের প্রাণ আনন্দিত কর, কেননা, হে প্রভু, আমি তোমার উদ্দেশে আমার প্রাণ উত্তোলন করি।*

*কারণ, হে প্রভু, তুমি মঙ্গলময় ও ক্ষমাবান; এবং যাহারা তোমাকে ডাকে, তুমি সেই সকলের পক্ষে দয়াতে মহান্।*

*হে সদাপ্রভু, আমার প্রার্থনায় কর্ণপাত কর;...আমার বিনতির রবে অবধান কর।*

*সঙ্কটের দিনে আমি তোমাকে ডাকিব, কেননা তুমি আমাকে উত্তর দিবে।*

ওহ, এটা কি সুন্দর নয় ? "তুমি আমাকে উত্তর দিবে।"

*হে প্রভু; দেবগণের মধ্যে তোমার তুল্য কেহই নাই, তোমার কর্ম্ম সকলের তুল্য কোন আর কর্ম্ম নাই।*

*হে প্রভু; তোমার বিরচিত সর্ব্বজাতি আসিয়া তোমার সম্মুখে প্রণিপাত করিবে,* তাহারা *তোমার নামের গৌরব করিবে।*

*কারণ তুমি মহান্ এবং আশ্চর্য্য কার্য্যকারী: তুমিই একমাত্র ঈশ্বর।*

এখন শুনুন:

*হে সদাপ্রভু; তোমার পথ আমাকে শিক্ষা দেও, আমি—আমি তোমার সত্যে চলিব: তোমার নাম ভয় করিতে আমার চিত্তকে একাগ্র কর।* (একাগ্র ! দেখুন ?)*...তোমার নাম ভয় করিতে আমার চিত্তকে একাগ্র কর।*

32 আমি এখন *একত্রিত হওয়া* এবং *সময়ের চিহ্নের* কথা বলছি। এখন, মথি লিখিত সুসমাচার এর ১৬ অধ্যায়ে:

*পরে ফরীশীরা ও সদ্দূকীরা নিকটে আসিয়া...পরীক্ষা* ভাবে তাঁহাকে নিবেদন *করিল, যেন তিনি তাহাদিগকে আকাশ হইতে কোন চিহ্ন দেখান।*

কিন্তু *তিনি উত্তর করিয়া তাহাদিগকে কহিলেন, সন্ধ্যা হইলে* তোমরা *বলিয়া থাক,* আমি*...পরিষ্কার দিন হইবে, কারণ আকাশ লাল হইয়াছে।*

*আর প্রাতঃকালে বলিয়া থাক, আজ* ঘোর*...ঝড় হইবে, কারণ আকাশ লাল ও ঘোর হইয়াছে। হে কপটাচারীগণ, তোমরা আকাশের লক্ষণ বুঝিতে পার, কিন্তু কালের চিহ্ন সকল বুঝিতে পার না ?*

প্রভু এই বাক্য পাঠে তাঁর করুণাময় আশীর্বাদ যোগ করুন।

33 এখন, আমরা এই ঐক্যবদ্ধ হওয়ার কথা বলছি, একত্রিত হওয়ার সময়; একত্রিত হওয়ার সময়ের চিহ্ন। দেখুন, যীশু এখানে ছিলেন, এই শেষ শাস্ত্র পাঠে, সময় বা সময়ের চিহ্ন বুঝতে না পারার জন্য তিনি যাজকদের তিরস্কার করছিলেন। এখন, এটি সর্বদা মানুষের কাছে একটি মহান বিষয় ছিল, দেখুন, *যে সময়ে আপনি বাস করছেন তার চিহ্ন* বুঝতে সক্ষম হওয়া; কারণ ঈশ্বর এটি স্পষ্টভাবে লিখেছেন যাতে কেউ এটি থেকে অব্যাহতি না পেতে পারে।

34 এখন, সাধারণত, আমি গিয়ে অন্য সেবকদের কাছ থেকে তুলে নিতাম, প্রভুর অন্যান্য দাস বাইবেলের সময়ে (নোহের সময়ে চিহ্নের মতো, দানিয়েলের সময়ের চিহ্ন এবং—এবং এইভাবে আরো অনেক, বিভিন্ন চিহ্ন), কিন্তু আমি আজ রাতে সেটা উপেক্ষা করতে চাই সময়—সময় বাঁচানোর জন্য, যাতে...কিন্তু এটা সর্বদা ঈশ্বরের পথ, তাদের একটি—একটি সময়ের স্বাভাবিক চিহ্ন প্রদান করে, যাতে সবাই জানতে পারে এটি—এটি ঠিক কোন সময়। আর এই ফরীশীদের তাদের সময় জানা উচিত ছিল। তাদের জানা উচিত ছিল এটি কোন সময় ছিল। তিনি অন্য স্থানে বলেছেন, "যদি তোমরা আমাকে জানিতে, তবে আমার দিনও জানিতে।" দেখুন? এটি—এটি খুব, একটি—একটি মহান বিষয় যা আমরা বুঝতে পারি। দেখুন, "না বুঝেই!"

35 এটাই তারা সবসময় ভাববাদীদের বিষয়ে উল্লেখ করেছে, তারা বলে, "আর প্রভুর দর্শন দ্বারা তিনি বুঝতে পেরেছিলেন। আর বাক্য সদাপ্রভুর পুরাতন কালে ভাববাদী—ভাববাদীদের কাছে এসেছিল।" দেখুন, প্রভুর বাক্য দ্বারা তাদের কাছে বোধশক্তি ছিল, ভাববাদীদের মাধ্যমে। আর তখন, ভাববাদীরা একটি চিহ্ন প্রদান করতেন। যেমন, একজন লোক অনেকক্ষণ তার পাশ ফিরে শুয়ে থাকে, তারপরে উল্টে অন্যপাশে শুয়ে পড়ে। একজনকে তার কাপড় খুলে ফেলতে হয়েছিল। আর ওহ, তারা যে চিহ্নটিতে বসবাস করছে তা দেখানোর জন্য তারা অনেক কিছু করেছিল। আর এখন আমরা জানি যে ঈশ্বর যিনি আকাশ ও পৃথিবী সৃষ্টি করেছেন, আর—আর তাঁর ক্রিয়া স্থাপন করেছেন যে তিনি তাঁর সময়কে চিহ্ন দ্বারা বর্ণনা করবেন, সেই একই ঈশ্বর আজ জীবিত আছেন। তাই আমাদের অবশ্যই, কিছু...আমরা যেমন সেই—সেই সময়টি দেখতে পাই যেখানে আমরা বাস করছি, এমন কিছু বিষয় থাকতে হবে যা কেউ উপেক্ষা করছে, কোথাও। দেখুন? কারণ ঈশ্বর আমাদের একটি

নির্দিষ্ট চিহ্ন না দিয়ে এই বিষয়গুলি ঘটতে দিতে পারেন না, যেন যেখানে, যেন—যেন আমরা বুঝতে পারি।

36 এখন এখানে আজকের বিষয় হল, সেই যাজকদের মত, আমরা এটা ঠিক করে পাঠ করি না। এটা ঠিক তখনকার মতো, তারা ভাবেনি যে এটি সেই সময় ছিল। তারা—তারা ভেবেছিল যে তারা তখন বেশ শান্তিপূর্ণভাবে বসবাস করছে, এবং তাই তারা কোন মশীহের সন্ধান করছিল না। আর যীশু বলেছেন যে তাঁর আগমন হবে "রাতের চোরের মতো," যখন—যখন লোকেরা তার আগমনের বিষয়ে অবিদিত থাকবে। কিন্তু সেখানে কিছু কুমারী ছিল যারা তাঁর সাথে দেখা করতে গিয়েছিল, তাদের অর্ধেকজন, তাদের প্রদীপে তেল ছিল এবং তারা প্রস্তুত ছিল; তারা সেই চিহ্নের জন্য অপেক্ষা করছিল। আর আজ রাতে আমি তাদের সাথে কথা বলছি, দেখুন, যারা এখন সেই চিহ্ন খুঁজছেন, তাঁর আগমনের চিহ্ন।

37 এই চিহ্নগুলি প্রভুর দেওয়া, শুধুমাত্র বিশ্বাসীদের দেওয়া হয়েছে। অবিশ্বাসীরা কখনো তা দেখতে পাবে না। তারা ঠিক এর উপর দিয়ে যায় তবুও তারা এটি দেখতে পায় না। আর এখন, ঠিক যতটা নিশ্চিত যে ঈশ্বরের একজন স্বর্গদূত আজ রাতে এই প্ল্যাটফর্মে দাঁড়াতে পারেন, ঠিক যেমন—যেমন আমি আপনাদের দিকে তাকিয়ে আছি, আর আমি এর দিকে তাকাতে পারি; অথবা আপনারা এটি দেখতে পাচ্ছেন আর আমি এটি দেখতে পাচ্ছি না, অথবা আমি এটি দেখতে পাচ্ছি কিন্তু আপনারা এটি দেখতে পাচ্ছেন না। এখন, আপনারা জানেন যে এটি শাস্ত্রীয়; এটা সত্য। তারা দেখেছিল...আপনারা জানেন পৌল নিচে পড়ে যায়, কিন্তু তারা... তাদের কেউই সেই আলো দেখতে পায় নি।

38 লোকদের সামনে যখন যোহন সেখানে দাঁড়িয়েছিলেন তখন সেই আলো সেখানেই ছিল, এবং সেখানে তীরে হাজার হাজার লোক, যাজক আর—আর সাধুগণ, মহাপুরুষগণ। আর যোহন বললেন, তিনি নিজেই ঈশ্বরের আত্মাকে কপোতের ন্যায় তাঁর উপরে নেমে আসতে দেখেছেন, এবং একটি কণ্ঠস্বরকে বলতে, "ইনিই আমার প্রিয় পুত্র, ইহাঁতেই আমি প্রীত।" কিন্তু যোহন ছাড়া আর কেউ এটি দেখেনি। দেখুন ? এটা শুধু তার জন্য ছিল।

39 আপনারা কি লক্ষ্য করেছেন কতটা স্পষ্ট, পণ্ডিতদের জন্য এই চিহ্ন ছিল ? তারা দেখে ছিল, সেখানে ছিল...তারা ইব্রীয় ছিলেন। তারা আসলে ভারতীয় জ্যোতির্বিজ্ঞানী ছিলেন না, তারা ইব্রীয় ছিলেন; কারণ তারা সেই দেশে জ্যোতির্বিদ্যা অধ্যয়ন করতে গিয়েছিলেন, তাদের শিক্ষা অর্জন করার জন্য। আর যখন তারা...

যিরূশালেমের দিকে তাকালেন, এই জেনে যে তারা সেই তিনটি নক্ষত্র দেখেছেন প্রত্যেকের কাছ থেকে তাদের—তাদের জন্মের পথ, হাম, শেম, ও যেফৎ, যে জাতি থেকে তারা এসেছিল, প্রত্যেকে, আর তারা তাদের জন্ম-পথে সেই নক্ষত্রগুলি দেখেছিল। এটি তাদের জন্য একটি চিহ্ন ছিল, যখন সেই নক্ষত্রগুলি একটি সরলরেখায় এসেছিল, তখন মশীহ পৃথিবীতে ছিলেন।

40 ওহ, আমার! অবাক হওয়ার কিছু নেই যে তারা এসেছিলেন, "তিনি কোথায়? যিহূদীদের যে রাজা জন্মিয়াছেন, তিনি কোথায়? কারণ আমরা পূর্ব্বদেশে তাঁহার তারা দেখিয়াছি, ও তাঁহাকে প্রণাম করিতে আসিয়াছি। তিনি কোথায়?" তারা জানত যে সেই শিশু মশীহ কোথাও শুয়ে আছেন, কারণ ঈশ্বর তাদের সময়ের একটি চিহ্ন দিয়েছিলেন, যে ঈশ্বর এবং মানুষ একত্রিত হচ্ছেন। কেমন এক একতা, যখন ঈশ্বর নিজেকে মানবদেহে একত্রিত করলেন! সর্বপ্রধান, সর্বকালের সমস্ত একত্রীকরণের মধ্যে সর্বশ্রেষ্ঠ, যখন ঈশ্বর মানুষের সাথে একত্রিত হন; এবং তার—তার ঈশ্বরত্বের সেই মহান ধারা থেকে তাঁর তাঁবু প্রসারিত করেছিলেন এবং মানবতা গ্রহণ করেছিলেন, এবং তাদের মুক্ত করার জন্য তাদের একজন হয়ে উঠেন। একতা। ওটা কি? যা ঈশ্বর ও মানুষের মধ্যে চিরকালের শান্তি নিয়ে এসেছিল। আমরা কত কৃতজ্ঞ।

41 আর চিহ্ন পাঠানো হয়নি...এখন শুধু ভাবুন, প্রতিটি মানুষ, এবং সকল জ্যোতির্বিজ্ঞানী; মানুষ, তাদের সময়ে, তাদের ঘড়ি ছিল তারা। সেখানে একজন প্রহরী দুর্গের—দুর্গের উপরে উঠে যান, আর তিনি সেখানে উঠে দেখতে থাকেন। আর তিনি দেখলেন যখন কিছু তারা একটি নির্দিষ্ট নক্ষত্রপুঞ্জে চলে আসে, অতিক্রম করার সময়, তখন তিনি জানতেন এটি কোন সময়। আপনাদের মনে আছে শাস্ত্রে, "প্রহরী, সময় কত?" আর প্রহরী ফিরে এসে তাকে বলল এটা কোন সময়। দেখুন, তারা নক্ষত্রদের দেখে সময় নির্ধারণ করতো।

42 এখন, এটা কি আশ্চর্যজনক নয় যে এই তারকাগুলি ঠিক তিনজন ব্যক্তির সমান্তরালে ছিল এবং অন্য কেউ এটি দেখতে পায়নি? দেখুন? ঠিক এক লাইনে। এখন, আপনি শাস্ত্রের সঙ্গে এক রেখায় আসতে পারেন। দেখুন? যখন সেই তারাগুলো একত্রিত হয়, এই তারামন্ডলে নিজেদেরকে একত্রিত করে, তিনজন ব্যক্তি একই সময়ে একত্রিত হয়েছিল। আর আপনি ঈশ্বরের সাথে এত একত্রিত হতে পারেন, তাঁর বাক্যে, যতক্ষণ না এই জিনিসগুলি বাস্তবে পরিণত হয়, আর আপনি তাদের দেখতে পারেন এবং

জানতে পারেন যে এগুলো সত্য। দেখুন? সময়ের চিহ্ন! আপনি এটি দেখতে পারেন, বলতে পারেন, “আহ, অর্থহীন বিষয়!”

43 কিন্তু *আপনার* কাছে এটা অর্থহীন বিষয় নয়। আপনার কাছে, আপনি বাক্যের সাথে একত্রিত, এবং এটি এখানে। তারপর, এটা—এটা খুবই সরল, ভাই প্যাট, যখন—যখন—যখন—যখন আপনি এই চিহ্নটি বিশ্বাসীদের সাথে একত্রিত হতে দেখেন। আমি যাকে সম্বোধন করছি, তারা বিশ্বাসী, কারণ অবিশ্বাসী কখনই এটি দেখতে পাবে না। আর আজকে তিনি যদি পৃথিবীতে থাকতেন, তাহলে আমাদের আজকের অনেক যাজকদের কাছে, যারা এই চিহ্নটি পড়তে পারেন না, তাদের কাছে কতটা তিরস্কার স্বরূপ হবে; যে চিহ্নগুলি আমরা প্রতিদিন এখানে ট্যাবারনাকেলে পড়ছি এবং দেখছি। আর অন্যরা তা পাঠ করছে এবং দেয়ালে হস্তলেখ দেখছে, তবুও অনেকে এটিকে উপেক্ষা করে, এমনকি এটি দেখতেও পায় না। এটা তাদের কাছে কিছুই নয়; তারা এটা লক্ষ্য করে না।

44 এখন লক্ষ্য করুন, এতে তিনি—তিনি জাতীয় চিহ্নগুলি নির্দেশ করেছিলেন। এখন, যখন তারা তাকে এই বিষয়ে জিজ্ঞাসা করেছিল, তারা চিহ্ন চেয়েছিল; আর তিনি তাদের চিহ্ন দিলেন যা ঘটেছিল। আর তারা জানতে চেয়েছিল কখন পৃথিবী শেষ হবে, শেষ সময়ের চিহ্ন কী হবে। আর তিনি তাদের ধর্মগ্রন্থের মাধ্যমে অনেক জাতীয় চিহ্ন সম্পর্কে, স্বর্গে স্বর্গীয় চিহ্ন সম্পর্কে নির্দেশ করেছিলেন, এবং পার্থিব চিহ্ন; তিনি তাদের চিহ্ন, চিহ্ন, চিহ্ন, ক্রমাগত একটি চিহ্ন দিয়েছিলেন। আর যখন...তিনি সেখানে তাদের একটি জাতীয় চিহ্নের কথা বলেছিলেন। তিনি বলেছিলেন, “যখন তুমি জাতিসমূহকে দেখ,” দেখুন, “যিরূশালেমের চারপাশে জড়ো হতে শুরু করে,” দেখুন, তখন আমরা জানি যে তাদের কষ্টের সময় এসে গেছে, “যখন তোমরা দেখবে যিরূশালেম সেনাবাহিনী দ্বারা বেষ্টিত।”

45 এখন, তারা এই কাজ করার আগে, ঈশ্বর...বিশ্বকে একত্রিত হতে হবে। টাইটাস, এই মহান রোমান সেনানায়ক, তার সৈন্যবাহিনীকে একত্রিত করে আসতে হয়েছিল, এই ইহুদিরা তাদের কাছে সেই সময়ের ঈশ্বর প্রদত্ত নিদর্শন প্রত্যাখ্যান করার পরে। সেই সময়ই টাইটাস তার সৈন্যবাহিনীকে একত্রিত করেছিলেন এবং শহরটি দখল করতে এসেছিলেন। প্রথমে ঈশ্বরের লোকেদের একত্রিত হতে হবে (তথাকথিত) ঈশ্বরের বাক্যের বিরুদ্ধে, ঈশ্বরের লোকেদের বিরুদ্ধে জাতি নিজেকে একত্রিত করার আগে। দেখুন,

সেই—সেই—সেই ঐক্য, একত্রিত হওয়া; একসঙ্গে একত্রিত হওয়া।

46 আমি বিশ্বাস করি যে আমরা একটি মহান ঐক্যবদ্ধ হওয়ার সময়ে বাস করছি। আমি এই লাল আলো নামিয়ে দিচ্ছি, এবং চিহ্ন ইত্যাদি প্রদর্শন করছি (এই নারীগণ, তারা কিভাবে করে; এবং পুরুষরা, তারা কিভাবে করে; এবং মণ্ডলীগুলি, তারা কিভাবে করে), আমি বিশ্বাস করি, এই ছোট্ট দলটিকে আমার সমস্ত হৃদয় দিয়ে দেখাচ্ছি যে আমরা ঈশ্বরের বাক্যের লাইনে রয়েছি এই মহান ভবিষ্যদ্বাণীপূর্ণ সময়ে, প্রভু যীশুর আগমনের ঠিক আগে; একত্রিত এবং প্রস্তুত হচ্ছি।

47 এখন, আপনারা দেখুন, টাইটাস জাতিসমূহকে একত্রিত করার আগে...তার বাহিনীকে একত্রিত করার আগে, ইস্রায়েল নিজেদেরকে একত্রিত করেছিল এবং নিজেদের বেঁধেছিল, যে তারা যীশুকে মশীহ্ বলে বিশ্বাস করবে না। তারা তাঁকে প্রত্যাখ্যান করেছিল, এবং তাঁকে বের করে দিয়েছিল, এবং তাঁকে ক্রুশবিদ্ধ করেছিল। আর তারপর, যখন তারা তাদের কাছে পাঠানো পরিত্রাণকে প্রত্যাখ্যান করে, তখন তারা এটি করার জন্য নিজেদেরকে একত্রিত করেছিল। এখন, মনে রাখবেন: নিজেদেরকে একত্রিত করা, সময়ের বার্তাকে প্রত্যাখ্যান করার জন্য! তাদের সেটাই করতে হয়েছিল। আর তারপর যখন তারা তা করে, তখন জাতীয় চিহ্নটি আসে।

48 জাতিসমূহ নিজেদেরকে একত্রিত করতে শুরু করে, আর টাইটাস রোমান ও গ্রীকদের বৃহৎ বাহিনী নিয়ে এসে যিরূশালেমের দেয়াল প্রদক্ষিণ করে, এখন সেখানে সেই লোকদের লেখা, আর তারা অনাহারে মারা যায়। তারা গাছের বাকল খেয়েছিল। মহান ইতিহাসবিদ জোসেফাস, আমাদের তা বলেন। তারা মাটির ঘাস খেয়েছিল। এমনকি তারা একে অপরের শিশুদের সেদ্ধ করে খেয়েছিল; দেখুন, পাগল মানুষদের মত। আর তখন যখন, অবশেষে, টাইটাস, সেখানে যিরূশালেমের পাশে পাহাড়ের উপরে ফিরে এসেছিলেন, আর—আর সেখানে থাকা লোকেরা ভেবেছিল যে তারা ঈশ্বরের ইচ্ছা পালন করছে, যখন তারা এই সৈন্যবাহিনীকে প্রবেশ করতে দেখে। তারা সেই মহান গুরু, প্রভু যীশুকে, শুনতে অস্বীকার করেছিল, তাদের এই কথা বলুন।

49 সেখানে তাদের মধ্যে একজনও খ্রিস্টান ধরা পড়েনি, কারণ তারা চিহ্নটি দেখেছিল এবং সরে গিয়েছিল। দেখুন? তারা বলেছিল, "যে কেহ ছাদের উপরে থাকে, সে গৃহ হইতে জিনিষপত্র

লইবার জন্য নীচে না নামুক; কিন্তু তুমি যিহূদিয়াতে পলায়ন কর আর প্রার্থনা কর, যেন তোমাদের পলায়ন শীতকালে কিম্বা বিশ্রামবারে না ঘটে।" কারণ, শীতের সময়, পাহাড়—পাহাড় তুষারাবৃত হবে; এবং বিশ্রামবারে, দরজা—দরজা বন্ধ ছিল, দ্বার, এবং তারা সেই অবস্থায় ধরা পড়বে। দেখুন ? যদি প্রভু ইচ্ছা করেন, আমরা সেই বিষয়ে খুব শীঘ্রই প্রবেশ করব...কিভাবে ঈশ্বর এই বিষয়গুলি করেন।

50 এখন লক্ষ্য করুন, তিনি...তারা প্রার্থনা করেছিল যে...এইভাবে যেন না হয়, যীশু তাদের প্রার্থনা করতে বলেছিলেন, আর তারা সেখানে কেউই আটকে পড়েনি। তারা চলে গিয়েছিল কারণ তারা চিহ্নের দিকে দেখেছিল, এবং তারা সরে গিয়েছিল; এটাই সেখানে হয়েছিল।

51 ওহ, আমরা যে সময়ের মধ্যে বাস করছি সেই সময়ের চিহ্নটি আজকের মন্ডলীগুলিকে দেখতে হবে ! জীবনের জন্য কালভেরীতে যতটা সম্ভব সত্বর পলায়ন করুন; কোন গির্জায় না, কিন্তু যীশু খ্রীষ্টে। নিজেকে তাঁর সঙ্গে একত্রিত করুন, কিন্তু কোন সংগঠন বা কোন গির্জার ধর্মের সাথে নয়। খ্রীষ্টের সঙ্গে একত্রিত হন, এবং নিশ্চিত হন যে এটা তিনিই। আপনি যে কোন কিছু গ্রহণ করতে পারবেন না, আপনাকে ইতিবাচক হতে হবে যে এটি তিনিই। কত সুন্দর মিলনের সময় !

52 এখন, আমরা খুঁজে পাই যে তারা মশীহকে প্রত্যাখ্যান করেছিল আর তারপরে নিজেদেরকে একত্রিত করেছিল এবং নিজেদের একটি পরিষদে, একটি—একটি...তাদের একটি প্রস্তাবের মধ্যে নিয়ে আসে যে যদি কেউ যীশুকে ভাববাদী হিসাবে গ্রহণ করে, তবে তারা মণ্ডলী থেকে বহিষ্কৃত হবে। মনে আছে সেই অন্ধ ছেলেটিকে যিনি অন্ধ চোখ নিয়ে বসেছিলেন ? আর শিষ্যরা বললেন, "কে পাপ করিয়াছিল ? এ ব্যক্তি, না ইহার পিতামাতা ?"

53 আর যীশু বললেন, "এই ক্ষেত্রে, কেহই করে নাই; এই ব্যক্তিতে ঈশ্বরের কার্য্য যেন প্রকাশিত হয়, তাই এমন হইয়াছে।"

54 আর আপনাদের মনে আছে, তারা বলেছিল পিতামাতা বলতে পারেনি। তারা বলেছিল, "তারা জানে এটি আমাদের ছেলে, কিন্তু আমরা জানি না কিভাবে সে সুস্থ হয়েছে।" কারণ ইহুদীরা বলেছিল যে, যারা তাকে ভাববাদী বলে স্বীকার করবে, তাদের বহিষ্কার করা হবে।

55 কিন্তু, আপনারা দেখুন, ঈশ্বরের কাজ ছিল যে এই ছেলেটি সেই দলের অন্তর্ভুক্ত না হয়। আর তিনি বললেন, "এখন, এটা আমার

কাছে একটি অদ্ভুত বিষয় যে আপনি জানেন না যে এই লোকটি কোথা থেকে এসেছে, আর তবুও তিনি আমাকে দৃষ্টিশক্তি দেন।” দেখুন ? এখন, তিনি এটা বলতে পারেন। দেখুন, এটা ছিল ঈশ্বরের কাজ। আরোগ্য করা হয়েছিল, এবং সুস্থ করা হয়েছিল, আর সে—সে এটা বলতে পারত কারণ তার সাথে কোন ধরণের বাঁধন কোথাও থেকে ছিল না। তিনিই ছিলেন সেই ব্যক্তি যার উপর কাজ করা হয়েছিল, আর তিনি অবশ্যই তার...তার জীবনে প্রথমবারের মতো দেখেছিলেন।

56 এখন, ইহুদিরা যীশুর বিরুদ্ধে নিজেদের একত্রিত করে এবং—এবং তাঁর মশীহের গুণাবলীর বিরুদ্ধে, এবং তাঁর মশীহের বার্তার বিরুদ্ধে। আমরা এখন একই বিষয় ঘটতে দেখি, ঠিক একই বিষয়। সাম্যবাদ গির্জা ধ্বংস করতে একত্রিত হচ্ছে, এবং এটি একমাত্র পথ...যে গির্জাও নিজেকে একত্রিত করার পরে, ধর্মসম্প্রদায়ের পরিষদে, ধর্মসম্প্রদায়ের বিশ্ব পরিষদে, বাক্য, বার্তা অস্বীকার এবং ধ্বংস করার জন্য! তারা বাক্য প্রত্যাখ্যান করেছে, গীর্জাগুলো! তারা এটা মেনে নিতে পারে না কারণ এটা তাদের ধর্মসম্প্রদায়ের ধর্মমতের বিরুদ্ধে; আগুনের কত স্তম্ভ ঝুলে থাকুক না কেন—মানুষের মাঝে, অথবা কতজন মানুষ...কত কিছুই ভবিষ্যদ্বাণী করা হবে এবং ঘটবে, এবং সমস্ত মহান চিহ্ন যা তিনি শেষ দিনের জন্য প্রতিশ্রুতি দিয়েছিলেন; তারা এটা করতে পারে না।

57 অতএব, তারা এখন নিজেদেরকে একত্রিত করছে, আর এখানে আপনার পালক এবং অনেকেই আপনাকে বলতে পারেন, যারা এটা পড়েছেন, যে তারা...ধর্মসম্প্রদায়ের বিশ্ব—বিশ্ব—বিশ্ব পরিষদ আছে। আর...সেখানে একজন লুথারান সেবক আছেন। যদি, যদি কোন বিপর্যয় আসে, এখানে এই অঞ্চলে ঘটে; যদি আমরা এই ধর্মসম্প্রদায়ের বিশ্ব পরিষদে সাথে ঐক্যবদ্ধ না হই, তাহলে আমাদের গির্জা আর গির্জা থাকতে পারে না, আর তারা এটি একটি স্টোররুমের জন্য ব্যবহার করতে পারে। অথবা যদি আমাদের ভাইদের মধ্যে কেউ কাউকে মারা যেতে অথবা আহত অবস্থায় দেখে এবং তাকে আধ্যাত্মিক বাক্য বলার চেষ্টা করে, এর জন্য আমাদের গুলি করা হতে পারে; একদম ঠিক। যেকোনো সেবাকার্য করার জন্য আমাদের যুক্তরাষ্ট্রীয় কারাগারে দশ বছর জন্য কারাদণ্ড দেওয়া যেতে পারে, কারণ আমরা এই ধর্মসম্প্রদায়ের বিশ্ব পরিষদের সদস্য নই। আপনারা কি এই পশুর চিহ্ন দেখতে পাচ্ছেন না ? দেখুন ? দেখুন ?

58 এখন, আমরা এই একত্রিত হওয়ার সময়টি আসতে দেখতে পাচ্ছি। দেখুন? এখন, দেখুন! আর তখন বাক্যের বিরুদ্ধে চার্চ নিজেকে একত্রিত করে; আর যখন তারা এটি করে, জাতিসমূহ পুনরায় চার্চ ধ্বংস করার জন্য নিজেদেরকে সাম্যবাদের সাথে একত্রিত করে; ঠিক এটা যেমন প্রথমে করেছিল। দেখুন? এটা ঠিক আবার নিজেকে পুনরাবৃত্তি করে।

59 ইস্রায়েলকে প্রথমে বার্তা প্রত্যাখ্যান করতে হয়েছিল। আর যখন তারা বার্তা প্রত্যাখ্যান করেছিল, তখন সামরিক বাহিনী, জাতিসমূহ নিজেদেরকে একত্রিত করেছিল (অন্যান্য জাতিরা), এবং তারা এসে চার্চ ধ্বংস করে। আর আজ, তারা প্রভু যীশুর বাক্য প্রত্যাখ্যান করছে, তারা তা প্রত্যাখ্যান করছে। আর এখন, সময় এসেছে যেখানে সাম্যবাদ চার্চের বিরুদ্ধে বিশ্বকে একত্রিত করছে। দেখুন, এটা এভাবেই হতে হবে। এখন, এটা বলা কঠিন।

60 ইহুদীদের এটা বিশ্বাস করা কঠিন ছিল। তারা বলেছিল, "এখন আসুন, ভাইয়েরা, আমরা দেখতে পাচ্ছি যে—যে আমাদের—আমাদের ঈশ্বর আমাদের সাথে আছেন, আর তাই আমরা—আমরা মন্দিরে যাব। আর এখন আমরা প্রার্থনা করব, আর পবিত্র ফাদার *অমুক-অমুক* এবং পবিত্র ফাদার *অমুক-অমুক* প্রার্থনা করুন। দ্বার বন্ধ করো!" আর টাইটাস তার অবস্থান নিয়েছিলেন আর প্রায় এক বছর বা তারও বেশি সময় ধরে সেখানে অবস্থান করছিলেন। দেখুন, পাহারা দিয়ে, এবং তাদের ক্ষুধায় মৃত্যুবরণ করা পর্যন্ত। তাদের একজনও শহরের বাইরে যেতে পারেনি; এবং তারা অনাহারে মারা যায়। আর যখন তিনি সেখানে গিয়ে দেয়াল ভেঙ্গে ফেললেন, রক্ত নদীর মতো বয়ে যায়, তিনি সেখানে সব কিছু বধ করেছিলেন।

61 এখন, প্রভুর স্বর্গদূত তা ভবিষ্যদ্বাণী করেছিলেন, পুরাতন নিয়মে, এবং বলেছিলেন যে এটি ঘটবে। আর সেই সেবকরা, যারা যাজক ছিলেন, যাদের সেখানে অবস্থান করার কথা ছিল এবং লোকেদের এই বিষয়ে জানানোর কথা ছিল, তা না করে, যখন যীশু তাদের মধ্যে দাঁড়িয়েছিলেন, তখন তারা তাঁকে চিনতেও পারেনি; আর একটি—একটি...এক—এক ধরনের রেবিট-ফুট [সৌভাগ্যের প্রতীক—অনুবাদক] তৈরি করার চেষ্টা করে, "আমাদের একটি কৌশল দেখান, আসুন দেখি কিভাবে—এটা কিভাবে করা হয়! আমাদের একটি চিহ্ন দেখান।" দেখুন?

এবং তিনি বলেছিলেন, "আমি..." কেন, তিনি অনেক কিছু করেছিলেন, তবুও তারা তা দেখতে পায়নি। দেখুন? আর তখন

যখন তারা তাকে প্রত্যাখ্যান করে...সে সময়ের বাক্য, তারা সময়ের বাক্য প্রত্যাখ্যান করেছিল।

62 তারা সময়ের চিহ্ন দেখতে ব্যর্থ হয়। এবং তাদের সামনে বাইবেল—বাইবেলের ভবিষ্যদ্বাণী করা চিহ্ন প্রকাশিত হয়েছিল, এবং তারা বলেছিল, "চল এখন ভিতরে যাই!" তারা পবিত্র ব্যক্তি ছিলেন। তারা এমন ব্যক্তি ছিলেন যে আপনি তাদের জীবনের দিকে আঙুল তুলতে পারেননি। তারা *সেটা* হতে পারে না, আর তারপর—আর তারপর একজন—একজন—একজন যাজক হতে পারে না। একজন যাজককে হত্যা করা হত, তাকে যেকোন সামান্য বিষয়ের জন্য পাথর ছুড়ে হত্যা করা হত। তাই তাকে পরিচ্ছন্ন, পবিত্র জীবনযাপন করতে হত। তিনি তা করতে পারেননি, কারণ তাকে পাথর ছুড়ে মারা হত যে কোন বিষয়ের জন্য। আর এখন তারা মহান ব্যক্তি ছিলেন, এবং লোকদের দৃষ্টিতে পবিত্র ব্যক্তি, তবুও তারা ভিতরে গিয়ে বলল, "এখন, আমরা...আমরা ঈশ্বরকে পেয়েছি, সেই ঈশ্বর যিনি আমাদের সাথে যুগে যুগে ছিলেন। আমরা তাঁর পবিত্র মন্দিরে যাব।" এটা ছিল ঈশ্বরের পবিত্র মন্দির! কিন্তু, আপনারা দেখুন, তাকে তাঁর পবিত্র মন্দিরে প্রত্যাখ্যান করা হয়েছিল। দেখুন? "চল আমরা সদাপ্রভুর গৃহে যাই। এখন তোমরা সকল ইব্রীয়রা জানো যে আমরা মনোনীত জাতি, আমরা এখানে আছি। এবং ঈশ্বর আমাদের ঈশ্বর; অব্রাহাম, ইস্হাক এবং যাকোবের ঈশ্বর। তিনি আমাদের সাথে আছেন। তিনি আমাদেরকে অচ্ছিন্নত্বক্ ফিলিস্তিনিদের থেকে উদ্ধার করবেন (যেমনটি হয়েছিল), রোমান ও গ্রীকদের থেকে। তিনি আমাদের তাদের থেকে মুক্তি দিবেন। চল আমরা সদাপ্রভুর গৃহে যাই!"

63 এটি শুনতে ভালো; কিন্তু তারা কি করেছিল? গৃহের নির্মাতা সেখানে ছিলেন, একজন নিচু গালীলের ছুতোরের আকারে, এবং তারা তাকে প্রত্যাখ্যান করেছিল; যখন ঈশ্বর তাকে সেই সময়ের বার্তাবাহক এবং শাখা হিসাবে প্রমাণ করেছিলেন। আর তারা এটা প্রত্যাখ্যান করে। তাই সকল প্রার্থনা, সকল আন্তরিকতা, তাদের সকল বলিদান ঈশ্বরের কাছে কোন অবদান রাখে না। তারা এটা করেছিল! আর ঈশ্বর এই বৃহৎ সেনাবাহিনীকে ধ্বংস করার জন্য একত্রিত হতে দিয়েছিলেন।

64 আর আমরা আজ দেখতে পাচ্ছি, গির্জাগুলো বিভিন্ন ধর্মসম্প্রদায়ের মাধ্যমে, ঈশ্বরের বাক্যকে প্রত্যাখ্যান করছে। তারা চায় না যে আপনি তাদের এই বিষয়গুলি সম্পর্কে বলেন, আর বিজ্ঞান ছবি দ্বারা এবং অন্য সবকিছু দ্বারা এটি প্রমাণ করতে পারে,

তবুও তারা এই বিষয়ে কিছুই করতে চায় না। তাই সাম্যবাদ এটিকে ধ্বংস করার জন্য গঠন হচ্ছে, ঠিক টাইটাসের মতোই, আর বাইবেল বলে যে তারা এটি করবে। হুবহু!

65 এখন, আপনারা দেখুন আমরা কোথায় বাস করছি? একত্রিত হওয়ার সময়, যখন আমরা এই বিষয়গুলোকে একত্রিত হতে দেখি। ওহ, কেন আমরা এই বিষয়গুলো দেখতে ব্যর্থ হয়েছি? তিনি কী করবেন, আপনারা—আপনারা এখানে শাস্ত্রে দেখতে পারেন আর দেখতে পারেন যে তিনি কোথায় প্রতিশ্রুতি দিয়েছেন। এখন, আমরা এটা বাস্তবে ঘটতে দেখি। তিনি যা করার প্রতিশ্রুতি দিয়েছিলেন তা আমরা মন্ডলীতে দেখি; আমরা এটা বাস্তবে ঘটতে দেখি। আমরা জাতিসমূহকে একত্রিত হতে দেখি। আমরা দেখতে পাচ্ছি এই সম্প্রদায়গুলো একত্রিত হচ্ছে। আমরা গীর্জাগুলোকে একত্রিত হতে দেখি। এটি একত্রিত হওয়ার সময়। এটা একত্রিত হওয়ার সময়। এটাই যুগের আত্মা, “আমাদের ঐক্যবদ্ধ হতে হবে।” আপনি যে বিষয়ে কথা বলছেন তাদের সকলকে সংগঠিত হতে হবে; এমনকি সরকার এটি গ্রহণ করবে না।

66 আপনি একজন নাগরিক হিসাবে জানেন...আমি একজন নাগরিক হিসাবে পারি না, মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হিসাবে, তবুও আমি—আমি...আপনি আমাকে পাঁচ ডলারের একটি চেক দেন কিন্তু এতে আমার নাম লেখার সাহস আমার হবে না। হুম। দেখুন, আমি এটা করতে পারি না। দেখুন, এটা একত্রিত হওয়ার সময়। সবাইকেই কোন না কোন ধরণের সমিতিতে আসতে হবে, আর সেই সমিতি সেই জিনিস যা পশুর চিহ্ন নিয়ে আসে। দেখুন? এটি একত্রিত হওয়ার সময়, আর এটি ঠিক সেটিতে নিয়ে আসছে। আপনি এটি আপনার সরল দৃষ্টিতে দেখতে পারেন, যদি আপনি এর দিকে দৃষ্টিপাত করেন। এটি একত্রিত হওয়ার সময়, যেখানে সবকিছু একত্রিত হচ্ছে।

67 ইহুদি—ইহুদীরা যীশুর বিরুদ্ধে নিজেদের একত্রিত করেছিল, তাদের—তাদের মশীহের বিরুদ্ধে। তারপরে, কি ঘটেছিল আমরা তা দেখেছি। আমরা এখন একই জিনিস দেখতে পাচ্ছি, গির্জা ধ্বংস করার জন্য সাম্যবাদ ঐক্যবদ্ধ হচ্ছে, চার্চ ধর্মসম্প্রদায়ের বিশ্ব পরিষদে একত্রিত হয়ে বাক্য ধ্বংস করার চেষ্টা করছে, ঈশ্বরের বাক্য। তারা এটি পরিত্যাগ করার চেষ্টা করছে। একটিমাত্র কাজ তারা করতে পারে তা হল নিজেদের একটি পরিষদে নিয়ে আসা, কারণ তারা পৃথক হয়ে গেছে; একটি ছোট দল এখানে, মেথডিস্ট, ব্যাপ্টিস্ট ও লুথারেন, এবং প্রেসবিটারিয়ান, চার্চ অফ ক্রাইস্ট, ইত্যাদি। তারা

কিছুই করতে পারে না, কারণ *এটি এটির* বিরুদ্ধে হবে, *এটি অন্যটির* বিরুদ্ধে হবে, তাদের মতবাদ পূর্ব থেকে পশ্চিমের মত পার্থক্যযুক্ত। দেখুন, তারা এটা করতে পারে না। কিন্তু একবার একসাথে, এক বড় মাথার নীচে, তারা এটি পেয়েছে। তখন তারা এটা পেয়েছে।

68 এভাবেই ক্যাথলিকরা ঐক্যবদ্ধ, রোমান ক্যাথলিক, অবশ্যই তারা ঐক্যে আছে, তারা...সংখ্যাগরিষ্ঠ রোমান ক্যাথলিক; গ্রীক এবং অন্যান্য ক্যাথলিক—ক্যাথলিকরা, রোমান ক্যাথলিকদের মতো নয়। এখন তারা একসাথে একত্রিত হয়েছে, এবং এই কারণেই তারা একত্রিত হয়ে দাঁড়িয়েছে। যাই ঘটুক না কেন, সেই পোপই সব কিছুর প্রধান। দেখুন? আর যে যাই বলুক না কেন, "সে অদম্য; সে—সে—সে ঈশ্বরের একজন প্রতিনিধি, এটাই সব; সে ঈশ্বরের প্রতিনিধি; নরক, স্বর্গ এবং পারগেটরির অধিকার তার আছে।" দেখুন? সুতরাং *সেই* ক্ষেত্রে করার মতো এমন কিছু নেই; সে যা বলে, সেটাই হতে হবে।

69 এখন, প্রোটেস্ট্যান্টরা নিজেদের জন্য ঠিক এইরকমই মাথা বানিয়ে নিচ্ছে। আর বাইবেল কি বলে না যে পশুর জন্য একটি প্রতিমা তৈরি করা হয়েছিল? প্রতিমা কি? এটা এর মত দেখতে কিছু, এর মত দেখতে তৈরি করা। সেখানে এটা, একই জিনিস। এটা কি? নিজেদেরকে একত্রিত করার মাধ্যমে, আর এটাই এই যুগের আত্মা, *একত্রিত* হচ্ছে।

70 এখন একত্রিত হয়ে বার্তাকে ধ্বংস করার চেষ্টা করছে। কিভাবে তারা এটা ধ্বংস করে? কিভাবে তারা ঈশ্বরের বাক্য ধ্বংস করতে পারে? পরম্পরাগত বিধি গ্রহণ করে তারা এটিকে প্রভাবহীন, অকার্যকর করে তুলতে পারে, যেমন তারা সেখানে শুরুতে করেছিল, এবং ঈশ্বরের বাক্যকে প্রভাবহীন করে তোলে। দেখুন, তারা বলে, "ওহ, ওটা...সত্যিই, অতঃপর,..." আপনারা দেখতে পাচ্ছেন যে এই অবিশ্বাসী মহিলাটি কোথায় যাওয়ার চেষ্টা করছে... সে...আমি এখন তার নাম ভুলে গেছি; যদি আমি মনে করতে পারতাম। সে...আমি অনেক কিছু ভাবার চেষ্টা করছি।

71 আমি অন্যদিন এই মিসেস জাতিসমূহের কথা ভাবছিলাম; আমি আশা করি যদি আমাদের কাছে এর মতো আরেকটি থাকত। সে হল সেই জন যে পানশালায় গিয়ে হুইস্কি খুলে ফেলে, এবং চিহ্ন ও এইরকম সবকিছু বের করে আনে। আজ কেন কোন নারীর এরকম উত্থাপন হয় না, এবং এখানে গিয়ে তার নিজ জাতীয় এই নারীদের কিছু নগ্ন ছবি ছিঁড়ে ফেলে, এইরকম কিছু? তাদের কাছে আর এটি নেই।

72 এখন, কিন্তু এই মহিলা, একজন অবিশ্বাসী, যে এটা—এটা বলেছে "বাইবেল অসাংবিধানিক, সর্বসাধারণের বিদ্যালয়ে এটি পাঠ করার জন্য," আর এইরকম কিছু।

73 এখন তারা, আপনি কি লক্ষ্য করেছেন, তারা এখন বলার চেষ্টা করছে, আর ধর্মগ্রন্থের অধ্যয়নকারীরা, বলেন যে "বাইবেলে যে ভবিষ্যদ্বাণী করা হয়েছিল তার বেশিরভাগই একেবারেই ভুল ছিল, এবং তা কখনই ঘটেনি।" আর আপনারা এটি শুনেছেন এবং এটি পড়েছেন। তারা সবকিছু বলার চেষ্টা করছে; আপনারা দেখুন, তারা সেই বাক্যের প্রভাবকে ধ্বংস করার চেষ্টা করছে। যদি তারা এটিকে ধ্বংস করতে পারে এবং একটি ধর্মমত অথবা মনুষ্যনির্মিত এমন কিছু দিয়ে এর প্রতিস্থাপন করতে পারে, যা তাদের দৃষ্টিতে বাক্যের চেয়ে উত্তম বলে মনে হয়, তখন তারা তাদের—তাদের পরম্পরাগত বিধি দ্বারা এটি ধ্বংস করে। আর এভাবেই তারা ঈশ্বরের বাক্যকে ধ্বংস করার চেষ্টা করছে, ধর্মসম্প্রদায়ের রাজনীতির মাধ্যমে।

74 এখন, প্রতিটি গির্জার নিজস্ব রাজনীতি আছে। চার্চ অফ ক্রাইস্টের আছে, খ্রিস্টান চার্চের আছে, এবং ব্যাপ্টিস্ট, মেথডিস্ট ও প্রেসবিট্যারিয়ান; তাদের সবার আলাদা আলাদা রাজনীতি আছে। এখন, তারা এটি থেকে দূরে সরে যাচ্ছে কারণ তারা আলাদা হয়ে গেছে। দেখুন, এটা আগে করা যেত না, তাদের এখন এটা করতেই হবে। দেখুন, এটা একত্রিত হওয়ার সময়, আর এখন তারা সবাই এটিকে একত্রিত করছে এবং এটি তুলে আনছে, আর দেখুন তারা কী নিয়ে এসেছে। আমার, এটি ঘোড়ার মাংস দিয়ে একটি পাউরুটি তৈরী করার মতো, এবং আবর্জনার পাত্র থেকে আবর্জনা, আরও কিছু যা তাদের একত্রে ছিল; এবং এটি একসাথে গুঁড়া করুন, এবং কিছু পচা আলু এবং বিষয়গুলি একসাথে নিয়ে, আর দেখুন আপনি কী নিয়ে এসেছেন। আমি নিশ্চিত এর কোনটাই চাই না। না, মহাশয়! এইভাবে তারা করছে। দেখুন, তারা এমন লোকদের নিচ্ছে যারা বিশ্বাস করে যে যীশু একটি কাল্পনিক কাহিনী, একটি চার্চ যারা বিশ্বাস করে যে যীশু একটি কাল্পনিক কাহিনী; অন্যরা, কেউ কেউ বিশ্বাস করেন যে তিনি একজন ভাববাদী ছিলেন।

75 একজন বলেন, "অলৌকিক ঘটনার দিন শেষ হয়েছে।"

76 অন্যজন বলল, "এমন একটা জিনিস থাকতে পারে।"

77 এবং এই সব একসাথে নিয়ে; বাইবেল বলে, "একপরামর্শ না হইলে দুই ব্যক্তি কি একসঙ্গে চলে?" দেখুন? এখন, এই ধরনের ঐক্য তারা পেয়েছে। এবং এর উপরে কোন মহান পবিত্র ফাদারকে

রাখার জন্য, সেখানে আপনি পশুর প্রতিমূর্তি পেয়েছেন, ঠিক বাইবেল যা বলে। এখন তারা একজন লুথারান সেবক পেয়েছে, এর প্রধান। ঠিক আছে, আমরা দেখছি এটি একত্রিত হওয়ার সময়। এখন একই জিনিস, সাম্যবাদ এবং সবাই একত্রিত হচ্ছে; বিশ্বের মধ্যে, এবং গির্জায় ইত্যাদি, একসঙ্গে একত্রিত হচ্ছে।

78 প্রকৃতির দিকে দেখুন। ওহ, আমার! প্রকৃতি, আপনি যদি প্রকৃতির দিকে লক্ষ্য করেন, এটি একই জিনিস করে। প্রকৃতি হল ঈশ্বরের চিহ্নের পঞ্জিকা। আপনারা কি এটা জানেন? যীশু তাদের প্রকৃতির দিকে নজর দিতে বলেছিলেন। সমুদ্র গর্জন করবে, দেখুন, এবং বিভিন্ন জিনিস ঘটবে, এবং বিভিন্ন স্থানে ভূমিকম্প হবে, জাতির বিরুদ্ধে জাতি, আকাশে বিভিন্ন চিহ্ন, পৃথিবীতে চিহ্ন, সর্বত্রই এই আসন্ন সময়ের চিহ্ন প্রকাশ করবে।

79 মেঘের দিকে দেখুন। ঝড় বৃষ্টি বয়ে আনার আগে মেঘ, আপনারা জানেন কিভাবে এটি হয়? অনেকগুলো ছোট ছোট মেঘ একত্রিত হয়ে, একটি বড় মেঘ তৈরী করে। ঠিক আছে, এর উপর কিছুটা বাতাস বইছে, এই অন্যটির উপর কিছুটা বাতাস বইছে, এবং তারা সকলে বায়ুপ্রবাহিত করে, এবং তারপর তারা একটি হারিকেন ঝড় তৈরী করে। দেখুন? তারা ঝড় তৈরী করার আগেই একত্রিত হয়; তাদের করতেই হবে।

80 দেখুন হাঁস এবং রাজহংস তারা তাদের স্থান ছেড়ে যাওয়ার আগে নিজেদেরকে একত্রিত করে। দেখুন? তারা একত্রিত হয়। আপনি তাদের এই পুকুর থেকে সেই পুকুরে উড়ে যেতে দেখেন, এখান থেকে সেখানে, তারা সকলে একত্রিত হচ্ছে। তারা একত্রিত হচ্ছে, উড়ে যাওয়ার জন্য প্রস্তুত হচ্ছে। দেখুন, এটা...এটা প্রকৃতি, এবং ঈশ্বর প্রকৃতি সৃষ্টি করেছেন, আর প্রকৃতি ঈশ্বরের পরিকল্পনা দ্বারা কাজ করে। এটি একটি আইন, ঈশ্বরের একটি অলিখিত আইন, যেন প্রকৃতি তার আইন অনুসারে কাজ করে।

81 ঠিক যেমন, একটি অন্ত্যেষ্টিক্রিয়ায় কথা বলার সময়, একটি প্রাণরস সেখানে কবরে নেমে যায়, নীচে গাছের মূলে, বসন্তের পুনরুত্থান পর্যন্ত সেখানে শুয়ে থাকতে হয়। এটা ঈশ্বরের বিধান। কোন বুদ্ধিমত্তা সেই প্রাণরস সেখানে নিয়ে যেতে পারে না; আপনি এটি নিষ্কাশন করতে পারেন না, আপনি এটি বের করতে পারবেন না। ঈশ্বর যেভাবে করেন তার চেয়ে উত্তমভাবে করার কোন উপায় নেই। ঈশ্বর নিখুঁত উপায়ে করেন। তাই যখন পাতা ঝরে যায়, তখন তিনি কবরে প্রাণরস নামিয়ে তা লুকিয়ে রাখেন। যেমন ইয়োব বলেছেন, “তুমি আমাকে পাতালে লুকাইয়া রাখিও, যাবৎ তোমার

ক্রোধ গত না হয়।” দেখুন ? তুষারপাতের আগে এটি সেখানে নেমে যায় কারণ এটি প্রকৃতির একটি নিয়ম। দেখুন এখন পাতা ঝরতে শুরু করেছে। কেন ? এটা প্রকৃতির নিয়ম।

82 হাঁসগুলো একত্রিত হবে, তাদের প্রত্যেকে, আর একটি নেতার চারপাশে সমাবেশ করবে। সেখানে তারা কোন ভাবে জানতে পারবে, আমি জানি না তারা কীভাবে এটি করবে, কিন্তু তারা জানে যে নির্দিষ্ট একটি পাতিহাঁস হল একজন নেতা। আর সেই সহচর, তারা সবাই একত্রিত হয় এবং তার চারপাশে সমাবেশ করে আর সরাসরি বাতাসে উড়ে যায়। আর সে...সেই পুকুর থেকে কখনোই বাইরে যাই নি, কিন্তু সে সোজা লুইসিয়ানা বা টেক্সাসে যতটা সরাসরি যেতে পারে চলে যায়, ধানের ক্ষেতে। দেখুন, তারা তাদের উড়ান শুরু করার আগে, তাদের বাড়ি ছেড়ে যাওয়ার জন্য যেখানে তারা সেই বছর জন্মগ্রহণ করে, তারা একত্রিত হয়। আমেন ! সেখানে এটা; তাদের নেতাকে ঘিরে চলছে।

83 মানুষের সাথে সমস্যা হল, তারা নিজ নেতাকে চেনে না। হ্যাঁ, মহাশয়। তারা একটি ধর্মসম্প্রদায়ের সঙ্গে সমাবেশ করবে, তারা একজন বিশপ বা একজন ব্যক্তির সঙ্গে সমাবেশ করবে, কিন্তু তারা নেতার সঙ্গে সমাবেশ করবে না, পবিত্র আত্মা বাক্যের মধ্যে। দেখুন ? তারা বলে, “ওহ, ভালো, আমি ভয় পাচ্ছি যে আমি ধর্মান্ধ হয়ে যাব; আমি ভয় পাচ্ছি আমি ভুল নেতৃত্বের অধীনে চলে যাব।” ওহ, সেখানে এটা ! যদি হাঁসটি বলে, “সে যেভাবে তার পালক সাজিয়ে রাখে তা আমি পছন্দ করি না। আমি বিশ্বাস করি না যে আমি তাকে অনুসরণ করব।” আপনি হিমায়িত হয়ে মৃত্যুবরণ করবেন। আপনি সেখানে আটকে পড়বেন, যদি আপনি সেই—সেই উড়ানের সঙ্গে সহভাগী না হন। এটি নিজেকে একত্রিত করে, এবং প্রকৃতি এটা করে থাকে।

84 রাজহাঁস নিজেদেরকে একত্রিত করে, তাদের নেতার চারপাশে নিজেদের সমাবেশ করে; তারা একই জিনিস করে।

85 আপনি কি কখনও মৌমাছির ঝাঁক লক্ষ্য করেছেন ? মৌমাছিরা তাদের রানির চারপাশে ঝাঁকে ঝাঁকে নিজেদেরকে একত্রিত করে। সেটা ঠিক। যেখানে সে যায়, তারাও সঙ্গে যায়। হ্যাঁ ! তারা কি করে ? তারা ঝাঁক তৈরী করার আগে একত্রিত হয়। হুবহু; প্রতিটি প্রকৃতি !

86 বসন্তের দৌড়ের আগে মাছ নিজেদের একত্রিত করে। বাইরে সমুদ্রে, আপনি তাদের খুঁজে পান; তাদের বড়...আমরা কি বলি “হাম্পিস,” স্যালমন মাছ। যখন তারা সেখানে আসে, সেই দৌড়

শুরু করার আগে, আপনি তাদের হাজার হাজারে দেখতে পাবেন, বাইরে সমুদ্রে, চারপাশে আসতে থাকে; নোনা জল, কিন্তু তারা আসলে মিষ্টি জলের মাছ। আর এখানে তারা ঠিক সেই মিষ্টি জলে চলে আসে, ডিম ছাড়ার জন্য। তারা সেখানে গিয়ে ডিম দেয়, প্রায় প্রতি চার বছর পর পর, এবং ডিম দেয়ার সাথে সাথে তারা মারা যায়। তারা জানে যে তারা সেখানে মরতে যাচ্ছে, আর আপনি কোন ভাবেই তাদের থামাতে পারবেন না। তারা মাছের মই এবং অন্য সবকিছু বেয়ে উঠবে, সেখানে উঠবে, এই জেনে যে তারা তাদের মৃত্যুর দিকে যাচ্ছে। কিন্তু প্রকৃতির নিয়ম তাদের তৈরি করে, তারা সেখানে উঠে যায় এবং গর্তে ডিম পাড়ে আর মারা যায়। আর নতুন প্রজন্ম এগিয়ে আসে, আর কিছু তাদের একসাথে একত্রিত করে, আর তারা বাইরে সমুদ্রে চলে যায়। এটা একত্রিত হওয়া ! এটি একটি নিয়ম। আপনি ঈশ্বরের নিয়মকে হারাতে পারবেন না।

87 জাতিগুলো ভেঙে যাচ্ছে—যাচ্ছে, আমরা এখন যে সময়টি দেখছি যখন—যখন তারা এটা করবে। আমরা জাতিগুলো মধ্যে অশান্তি সৃষ্টির প্রক্রিয়ায় আছি। আমরা দেখছি যে দেশগুলো সম্পর্ক ছিন্ন করছে। বছরের পর বছর, আমরা দেখতে পাই যে *এই* জাতি সাম্যবাদে গ্রাস হয়ে যাচ্ছে; *একে* সাম্যবাদে গ্রাস করছে। আর এখানে আমাদের নিজের দেশে, এটি সাম্যবাদের দ্বারা ছিদ্র ছিদ্র হয়ে গেছে, এবং এটি দখল করবে! দেখুন, এটি করবে, এটিকে থামানোর উপায় নেই। কেন ? একই কারণের জন্য আপনি টাইটাসকে থামাতে পারেননি। মানুষ ঈশ্বর এবং তাঁর বাক্যকে প্রত্যাখ্যান করেছে। হ্যাঁ, মহাশয়, তাই তারা এটি করতে যাচ্ছে, আর আমরা এটি প্রক্রিয়ার মধ্যে দেখতে পাচ্ছি।

88 আমি, সাধারণত, আমি কয়েক ঘন্টা সময় নিই; আমি ইতিমধ্যে প্রায় ত্রিশ মিনিট নিয়েছি, এই মুহূর্তে। দেখুন ? কিন্তু এই সবকিছু নিয়ে আসতে, আমি চেষ্টা করছি। আপনারা যখন বাড়ি ফিরে যান তখন এটি অধ্যয়ন করুন।

89 লক্ষ্য করুন, তারা এখন একত্রিত হচ্ছে। আপনারা বলেন, "ভাই ব্রানহাম, এটা কি সত্যি ?" তারা হর্মাগিদোন যুদ্ধে আসছে; তারা ঠিক যেটা করবে। দেখুন ? আর তারা এই মুহূর্তে সেটা করার জন্য একত্রিত হচ্ছে। এইজন্য আমরা জাতিসংঘ ইত্যাদি পেয়েছি। পূর্ব বিশ্ব, সাম্যবাদ ইত্যাদির বিরুদ্ধে পশ্চিমা বিশ্ব একত্রিত হচ্ছে, সকলে একত্রিত হচ্ছে। গীর্জাগুলো একত্রিত হচ্ছে। মনে হচ্ছে সবকিছু একত্রিত হয়ে যাচ্ছে। একত্রিত হওয়া, নিজেদেরকে একত্রিত করছে, আমরা তা দেখতে পাচ্ছি।

90 এছাড়াও, জাতির এই সমস্ত একত্রিত হওয়ার সময়, এই চিহ্নগুলি, জাতীয় লক্ষণগুলি, যা আমরা এখানে বিশ্বে দেখতে পাই, বিভিন্ন স্থানে ভূমিকম্প, বিভিন্ন বিষয় একত্রিত হচ্ছে; বিশ্বকে একত্রিত করছে, লোকেদের একত্রিত করছে, সমস্ত গীর্জাকে একত্র করছে, এই সমস্ত কিছু। আর যখন এই সমস্ত একত্রিকরণ চলছে, তখন সেখানে আরেকটি একত্রিকরণ হচ্ছে। আমেন! আমি এটাই এখন আপনাদেরকে দেখাতে চাই।

91 ঈশ্বর তার ভার্য্যাকে একত্রিত করছে। সে পূর্ব, পশ্চিম, উত্তর ও দক্ষিণ থেকে একত্রিত হচ্ছে। একত্রিত হওয়ার একটি সময় আছে, আর এটি এখন শুরু হয়েছে। সে কিসের জন্য একত্রিত হচ্ছে? স্বর্গারোহণ। আমেন! ঈশ্বর তাকে প্রস্তুত করছেন। হ্যাঁ মহাশয়, একত্রিত করছেন! সে কিসের সঙ্গে একত্রিত হচ্ছে? বাক্যের সঙ্গে! "আকাশের ও পৃথিবীর লোপ হইবে, কিন্তু আমার বাক্যের লোপ কখনও হইবে না।" কোন ধর্মসম্প্রদায় অথবা যে যাই বলুক না কেন, সে নিজেকে **সদাপ্রভু এই কথা কহেন** এর সঙ্গে একত্রিত করছে। সে নিজেকে একত্রিত করছে। সে প্রস্তুত হচ্ছে। কেন? সে হল ভার্য্যা। সেটা ঠিক। আর সে তার বরের সাথে নিজেকে একত্রিত করছে, দেখুন, আর বর হল বাক্য। "আদিতে বাক্য ছিলেন, এবং বাক্য ঈশ্বরের কাছে ছিলেন, এবং বাক্য ঈশ্বর ছিলেন। আর সেই বাক্য দেহধারণ করিলেন এবং আমাদের মধ্যে বাস করিলেন।"

92 আর চার্চ এবং ভার্য্যা এবং বাক্য তাই একত্রিত হচ্ছে, যতক্ষণ না বাক্য স্বয়ং বর এর কাজ করে। আমেন! আপনারা এটি দেখতে পাচ্ছেন? একত্রিকরণ! "গির্জায় যোগদান করুন," আর না; আর *এটি* নয়, কিন্তু সবকিছু থেকে পালিয়ে যীশু খ্রীষ্টের সাথে একত্রিত হন। দেখুন? এটি একত্রিত হওয়ার সময়। ঈশ্বর, তার ভার্য্যাকে একত্রিত করছেন, এটিকে ফিরিয়ে আনছেন; ঠিক তাই। তাঁর প্রতিশ্রুতি বাক্য একত্রিত করছে।

93 দ্বিতীয় থিষলনীকীয়, ২য় অধ্যায়; এতে বলা হয়েছে, এই ৫ম অধ্যায়ে বলা হয়েছে, "মৃত্তিকার ধূলিতে নিদ্রিত সাধুগণ জাগরিত হইবে। আর আমরা তাদের সাথে একত্রিত হব (জীবিতরা, মৃতদের সাথে), আমরা সেখানে নীত হওয়ার আগেই একত্রিত হব," কারণ ভার্য্যা যখন সেখানে পৌঁছাবে সে সিদ্ধ হবে। যারা জীবিত আছে, তারা বাক্যের সাথে নিজেদের একত্রিত করছে, এবং যারা চলে গেছে তারা তা ইতিমধ্যে করেছে; এবং সকলে একত্রিত হয়ে, সেখানে যাওয়ার আগে একত্রীকরণের দ্বারা একটি মহান ঐক্য তৈরী করে। আমেন!

94 সাম্যবাদকে উঠতে হবে, এই অন্যান্য জিনিসগুলিকে উঠতে হবে, এবং চার্চকে নিজেকে একত্রিত করতে হবে, যখন তারা... ধর্মসম্প্রদায়ের বিশ্ব পরিষদের জন্য সেখানে জাতিসমূহ; এবং ভার্য্যাকে ঈশ্বরের বাক্যের অধীনে নিজেকে একত্রিত করতে হবে। এটি করার জন্য, ঈশ্বর স্বর্গীয় চিহ্ন এবং বিষয়গুলি পাঠিয়ে দিয়েছেন, যা মণ্ডলীর কাছে প্রমাণিত করে, যেমন তিনি জাতির কাছে আছেন। আমেন।

95 ঈশ্বর; একত্রিত হওয়ার সময়! হ্যাঁ, মহাশয়। ওহ, আমার! এখন, আপনারা মনে রাখবেন, এখন, বাক্যের একত্রীকরণ আছে (পুনরায় একত্রিত হওয়া), পুনরায় নিয়ে আসা "পবিত্রগণের কাছে একবারে সমর্পিত বিশ্বাস।" পুনরায় নিয়ে আসা! এটি শুধুমাত্র এই সময়ে করা যেতে পারে। এটাই একমাত্র সময় যখন এটা করা যেতে পারে। এটিকে অন্য কোথাও আক্রমণ করা হয়নি; তারা ধর্মসম্প্রদায়িক মাতলামিতে চলে গেছে। কিন্তু এখন, এটা কোনো ধর্মসম্প্রদায়িক মাতলামির অন্তর্গত নয়, কারণ এখন প্রতিটি জাতি, প্রতিটি বর্ণ, প্রতিটি ধর্মমতের নারী-পুরুষদের ঐক্যবদ্ধ হওয়ার সময় এসেছে, পবিত্র আত্মার বাপ্তিস্ম দ্বারা সবকিছু খ্রীষ্টের অধীনে এবং বাক্যে প্রত্যর্পণ।

96 মণ্ডলীর জন্য একত্রীকরণের সময়! ওহ, আমার! এই ধর্মসম্প্রদায়গুলির দ্বারা বিদেশে ছড়িয়ে ছিটিয়ে থাকা প্রতিটি বাক্যকে একত্রিত করছে: নাইসিয়া, রোম থেকে শুরু করে যখন তারা প্রথম গির্জা সংগঠিত করে, এবং তারা লুথারকে সংগঠিত করে, তারা ওয়েসলিকে সংগঠিত করে, তারা বাকি সমস্ত চার্চকে সংগঠিত করে। আর এটা করার জন্য, তাদের একটি ধর্মমত গ্রহণ করতে হয়েছিল, আর তারপর যখন ঈশ্বর অন্য কিছু প্রেরণ করলেন, তখন তারা তা গ্রহণ করতে পারেনি। তাই, এখন পর্যন্ত এটি সম্ভব হয়নি। এবং ঈশ্বর প্রতিশ্রুতি দিয়েছেন, শেষ সময়ে, যে "পিতৃগণের বিশ্বাস ভার্য্যাকে পুনরায় দেওয়া হবে," যে এটি এইভাবে হবে, এবং এটি এই সময় ছাড়া অন্য কোন সময় হতে পারে না। দেখুন স্বর্গ থেকে চিহ্নটি, আগুনের স্তম্ভের আকারে আমাদের উপর অবস্থান করছে, প্রভু যীশু খ্রীষ্টের চিহ্ন এবং অদ্ভুত লক্ষণ সহ। আর যখন তিনি আমাদের সাথে কথা বলেন, এটি কখনই সঠিক হতে ব্যর্থ হয় না। আমেন! তারপর আমরা দেখতে পাই কোথায় আমরা দাঁড়িয়ে আছি। একত্রিত হওয়ার সময়!

97 আমরা জাতিগুলিকে একত্রিত হতে দেখি, আমরা বিশ্বকে একত্রিত হতে দেখি, আমরা সাম্যবাদকে একত্রিত হতে দেখি,

আমরা চার্চগুলিকে একত্রিত হতে দেখি; আর আমরা ঈশ্বরকে তার ভার্য্যার সাথে নিজেকে একত্রিত করতে দেখি, যতক্ষণ না তিনি এবং চার্চ একই হয়ে যায়। হালেলুইয়া! সেখানে পিরামিডের মতো। ঠিক! নিজেদেরকে একত্রিত করছে; ঈশ্বর একত্রিত করছেন! কেন? আগে কখনও হয়নি, প্রারম্ভিক গির্জার সময় থেকে, মানুষের মাঝে আগুনের স্তম্ভ ছিল। আগে কখনও হয়নি, প্রারম্ভিক গির্জার সময় থেকে, তারা কি সেই জিনিসগুলি দেখেছিল যা আমরা আজ দেখছি। আর এটি তখনই সম্ভব হয়েছিল যখন ঈশ্বর সপ্ত মুদ্রা প্রেরণ করেন এবং এর দ্বারা আমাদের একটি চিহ্ন দেন, আর স্বর্গ থেকে সাতজন দূতকে পাঠালেন; এবং তাদের মধ্যে থাকা সেই বিক্ষিপ্ত বাক্য ফিরিয়ে আনতে, এবং পুনরায় ঈশ্বরের বাক্যের সাথে এটিকে একত্রিত করতে, তাঁর পবিত্র আত্মাকে নামিয়ে আনার জন্য।

98 যীশু বলেছেন, "তোমরা যদি আমাতে থাক, এবং আমার বাক্য যদি তোমাদিগেতে থাকে, তবে তোমাদের যাহা ইচ্ছা হয়, যাচ্ঞা করিও, তোমাদের জন্য তাহা করা যাইবে।" বাক্যের সাথে ভার্য্যাকে একত্রিত করছে, তিনি হলেন ঈশ্বর। মণ্ডলী আর বাক্য, মণ্ডলী আর ধর্মমত নয়, মণ্ডলী আর বাক্য; ভার্য্যা আর বাক্য একসঙ্গে একত্রিত হচ্ছে। ওহ, আমার! কি...কি পুনঃস্থাপন করবেন? মূল পঞ্চাশত্তমীর পিতাদের বিশ্বাস, দেখুন, যা লুথারের গোষ্ঠীর দ্বারা ছড়িয়ে দেওয়া হয়েছিল। লুথার নিজে নয়; লুথার নয়, ওয়েসলি নয়, সেই মহান প্রতিষ্ঠাতারা নয়। কিন্তু তাদের চলে যাওয়ার পরে, সেখানে একটি মণ্ডলী উত্থিত হয়েছিল, আর তারা...তখন তারা কি করেছিল, তারা এটি থেকে একটি সংস্থা তৈরি করে। তারা মতবাদ ইত্যাদি গ্রহণ করে, আর তারা দূরে চলে যায়। আর আজ তাদের দেখুন, এখন তারা সেই ধর্মসম্প্রদায়ের বিশ্ব পরিষদে এসেছে।

99 এখন, আপনারা দেখতে পাচ্ছেন, কিন্তু শেষ সময়ে, আপনারা দেখতে পাচ্ছেন, আমরা এখন এমন কিছু ঘটতে দেখছি যা আগে কখনও ঘটেনি। দেখুন, এটি ঈশ্বরের চিহ্ন, এবং এই সমস্ত একত্রীকরণ হল সময়ের চিহ্ন। এখন, আমরা এটিকে সাবধানে দেখতে চাই এবং নিশ্চিত হতে চাই যেন আমরা এটি বুঝতে পারি। চলে যায়...তারা ধর্মসম্প্রদায়ের জন্য সত্য বাক্য ছেড়ে চলে যায়; বাক্য গ্রহণের পরিবর্তে বিভিন্ন ব্যক্তির ধর্মমত এবং মতামত গ্রহণ করে।

100 প্রকাশিত বাক্য ১০ বলে, "সপ্তম দূতের বার্তা।" এখন মনে রাখবেন, এটি ঠিক সপ্ত তূরীতে আছে, এবং সেখানে সপ্ত দূত সপ্ত তূরী বাজাচ্ছেন। এটিতেই আমরা পরবর্তীতে আসছি। কিন্তু মনে

রাখবেন যেখানে, এটি বিশেষভাবে বলা হয়েছে, “দূতের...,” সপ্তম দূতের তূরী নয়, কিন্তু “সপ্তম দূতের বার্তা।” দেখুন, তূরী দূত নয়, বার্তা দূত! দেখুন, দূত শুধু তূরী বাজালেন, সেই সপ্তম দূত, তূরী দূত। কিন্তু এটি বলে, “সপ্তম দূতের বার্তার দিনগুলিতে,” দেখুন, তার বার্তা সমাপ্ত হলে। দেখুন, এটি মণ্ডলী যুগের বার্তা। এই সময়ে, তখন তিনি...বার্তা, তূরী নয়, আর “ঈশ্বরের নিগূঢ়তত্ত্ব (যা বাক্যে লেখা আছে) সমাপ্ত হইবে।”

101 এখন দেখুন আমরা কোন সময়ে বাস করছি! সেই মুদ্রাগুলি দেখুন, কীভাবে এটি ঈশ্বরের সেই বিক্ষিপ্ত বাক্যকে নিয়ে আসে, লুথার এবং তাদের বাকিরা সবাই, যে মহান সংস্কারকরা এগিয়ে গিয়েছিলেন; সরাসরি ফিরে এসে বাইবেলে দেখান, তারা কোথায় থাকবে; প্রতিটি ব্যক্তি তার সঠিক স্থানে, তিনি কি করবেন এবং মণ্ডলীর সাথে কি ঘটবে; তিনি কি করবেন, এবং মণ্ডলী কি ঘটবে; এই সব বিষয় তিনি বন্ধ করে রেখে গেছেন। আর তারপর, শেষ সময়ে, যখন আমরা এই বিষয়ে কিছুই জানতাম না, একটি নির্দিষ্ট জিনিস ঘটতে যাচ্ছে বলে আমাদের ভবিষ্যদ্বাণী করেছেন; এমনকি সংবাদপত্র ইত্যাদি এটি তুলে নেয়, এবং সরাসরি এটি নিয়ে প্রকাশ করে এবং রহস্যগুলিকে একত্রিত করে। আমেন! ভাই, এটা আমার কাছে মহৎ! যা, আমার কাছে, বাক্যকে সারীতে নিয়ে আসে। আমেন! আমি চিন্তা করি না কি—কি, অথবা, লোকেরা কি বলে, মনে করে, সেটা ঠিক, কিন্তু আমার কাছে এটা সত্য।

102 পণ্ডিতদের মতো, বাবিল থেকে এসে তারা চিৎকার করে উঠলেন, “তিনি কোথায়, যিহূদীদের যে রাজা জন্মিয়াছেন? তিনি এই মুহূর্তে পৃথিবীতে আছেন। আমাদের তাকে খুঁজে বের করতে হবে।” সেটা ঠিক। আর আমি বিশ্বাস করি যে তাঁর আগমন খুব নিকটবর্তী যা আমি বলতে পারি, “দেখ, বর আসছেন! আমি মধ্য রাত্রে এই উচ্চরব শুনতে পাচ্ছি!” আমেন! আমরা ঠিক শেষ সময়ে আছি। ওহ, আমার, আমরা যে সময়ে বাস করছি। লক্ষ্য করুন। দেখুন?

103 কি একটা দিন! আমরা যে সময়ে বাস করছি, ঈশ্বরের মহান রহস্যের সমাপ্তি হচ্ছে; ঈশ্বরত্ব নিয়ে আসা হচ্ছে, এটা কি তা প্রকাশ করা হচ্ছে; কিভাবে এই ধর্মমতগুলি বেরিয়ে আসে আর তাকে *এটি* তৈরি করেছে, কেউ তাকে *এটি* তৈরি করেছে, আর কেউ তাকে *এটি* তৈরি করেছে। কিন্তু প্রভুর দূত নেমে এসে তাদের সকল ধর্মমতগুলি তুলে আনেন, এবং সেই সত্যকে এর থেকে বের করে এনে উপস্থাপন করলেন। আর সেখানে এটা আছে, এটি যতটা

নিখুঁত হতে পারে ততটা, অন্য কোন উপায়ে আপনি যেতে পারবেন না। সেখানেই এটা আছে, এটাই তিনি। দেখুন, সর্পের বীজ, এই—এই সমস্ত ভিন্ন বিষয়গুলি যা মানুষের কাছে রহস্যময় ছিল। দেখুন? এটা কি? তার...এটা কিসের লক্ষণ? একত্রীকরণের!

104 তিনি মালাখি ৪এ কি বলেছেন? পুনঃস্থাপন করবেন! মূল পঞ্চাশত্তমীর বিশ্বাস পুনঃস্থাপন করবেন, একই পঞ্চাশত্তমীর বার্তা নিয়ে লোকেদের কাছে ফিরে আসেন, একই পঞ্চাশত্তমীর চিহ্ন, একই পঞ্চাশত্তমীর প্রামাণিক তথ্য, একই ঈশ্বর, একই শক্তি, একই শিক্ষা, সবকিছু ঠিক একইরকম, একই আগুনের স্তম্ভের প্রকাশের সাথে যা শৌলকে দম্মেশকের পথে আঘাত করেছিল আজ আমাদের মাঝে আছেন, তিনি সেই দিন যা করেছিলেন সেই একই কাজ করছেন। একত্রীকরণ!

105 আমরা জাতিসমূহকে একত্রিত হতে দেখছি, আমরা বিশ্বকে একত্রিত হতে দেখছি, আমরা মন্ডলীকে একত্রিত হতে দেখছি। আমরা ভার্য্যাকে একত্রিত হতে দেখছি, বাক্যের সাথে একত্রিত হতে। কেন? বাক্য হল ঈশ্বর। এবং বাক্য...যেমন বর (বাক্য), এবং ভার্য্যা (বাক্য শ্রবণকারী), তারা উভয়ই একত্রীকরণে একত্রিত হয়। তারা বিবাহের মতো একত্রিত হয়। দেখুন, তারা বিবাহের জন্য প্রস্তুত হচ্ছে, এবং তারা—তারা এক হয়ে যায়। বাক্য আপনাতে পরিণত হয়, আপনি বাক্যতে পরিণত হন। যীশু বলেছেন, "সেই দিন তোমরা জানিবে। সমস্ত পিতা, আমি; এবং সমস্ত আমি, তুমি; এবং সমস্ত তুমি, আমি। সেই দিন তোমরা জানিবে যে, আমি আমার পিতাতে আছি, ও তোমরা আমাতে আছ, এবং আমি তোমাদিগেতে আছি।" দেখুন? তখন "সেই দিন।" কোন দিন? আজ! আমরা ঈশ্বরের মহান গোপন রহস্যের প্রকাশপ্রাপ্তি খুঁজে পেয়েছি। ওহ, আমি এটা কতটা পছন্দ করি!

106 ওহ, দেখুন কিভাবে বিজ্ঞান এবং বাক্য তুলনা করতে পারে না, যেমন তারা আজ করে। তারা আগে এটা করতে পারেনি। এটি এখনই যখন তারা এটি করতে পারে।

107 লক্ষ্য করুন, তিনি বলেছেন, "স্বর্গীয় চিহ্ন, স্বর্গীয় চিহ্ন।" বিজ্ঞান, এবং জাতির চিহ্ন; এখন আজ আকাশে তারা একটি মহান চিহ্ন পেয়েছে, তাদের কাছে মহাকাশচারী এবং সবকিছু আছে। কিন্তু এই মহাকাশচারীরা বিশ্বের কী করবেন, চিহ্ন? এটা তাদের কাছে ভয় নিয়ে আসে। তারা জানে না কখন তারা এরকম কিছু পাঠাতে পারে আর এই বোমাগুলি ফেলে দিতে পারে, এবং আমরা আর থাকব না। দেখুন? এখন এটাই সেই চিহ্ন যা তারা পেয়েছে, স্বর্গে

ভয়ঙ্কর দর্শনীয় স্থান। দেখুন? তারা এগুলো পেয়েছে, পারমাণবিক ক্ষেপণাস্ত্র আর সবকিছু, এই ধরনের সব চিহ্ন।

108 আপনারা দেখুন তারা কোথায় এই স্বাক্ষর করেছে—এই চুক্তি, অন্য দিন, যে তারা খোলা আকাশে আর কোনো বোমা ফাটাবে না, কিন্তু এখন তারা জলের নিচে এবং মাটিতে নিচে যাচ্ছে, একইভাবে এগুলো পরীক্ষা করছে। দেখুন? তারা একটি চুক্তি স্বাক্ষর করে, "আমরা এটা করব না, যদি আপনি বলেন আপনি এটা করবেন না (কিন্তু আমরা ঘরে ফিরে গিয়ে এইভাবে করেন; যখন আমরা জানি আপনারা সেখানে একইভাবে করছেন)।" দেখুন? শুধু একটা জিনিস নেই, এটা...তাদের মধ্যে বিশ্বাস নেই, সেখানে নেই—সেখানে কিছুই নেই। আপনারা...দেখুন? আর সবাই অপরজনকে ভয় পায়। এটি একটি ভীতির চিহ্ন।

109 বিজ্ঞান, মানুষ এবং জাতিসমূহ আকাশে একটি ভয়ঙ্কর চিহ্ন তৈরি করেছে। এটা একদম ঠিক। এখন, একে অপরকে ভয় পেয়ে। আর একটি স্বর্গীয় চিহ্ন দেওয়া হয়েছে...এখন দেখুন, তারা আকাশে একটি চিহ্ন পেয়েছে, একটি ভয়ঙ্কর চিহ্ন, একজন মহাকাশচারী; একটি পারমাণবিক ক্ষেপণাস্ত্র নিয়ে, আর তা নিক্ষেপ করে সমস্ত রাষ্ট্র ধ্বংস করতে পারে। একজন মহাকাশচারীর কাছে যান আর সেখানে দাঁড়ান। তাদের এটা করতে বাধা দেওয়ার জন্য কিছু নেই। তারা নিশ্চিত এটা করতে পারে, তারা...যে কোন সময় যখন তারা এটা করতে চায়। তারা চাইলে তাকে ধূলিসাৎ করে দিতে পারে, কিন্তু...এখন থেকে পনেরো মিনিটের মধ্যে। আর একজন যা করতে পারে, অন্যজন ঠিক তাই করতে পারে। সুতরাং, আপনারা দেখতে পাচ্ছেন যে তারা একটি চিহ্ন পেয়েছে, কিন্তু এই ধরনের চিহ্ন তাদের ভীত করে।

110 তারা একত্রিত হচ্ছে, তাদের শক্তি একত্রিত করছে। মুক্ত বিশ্ব, তারা তাদের শক্তি একত্রিত করছে। সাম্যবাদ রাশিয়ার সাথে তাদের শক্তি একত্রিত করছে। সকলে; কিন্তু প্রত্যেকজন অন্যজনকে ভয় পায়। দেখুন, এটি একটি ভয়ঙ্কর চিহ্ন। সেটা ঠিক। এটি জাতীয় চিহ্ন, আর বিষয়গুলি।

111 কিন্তু মণ্ডলী একটি স্বর্গীয় চিহ্ন পেয়েছে: একজন মহাকাশচারী! আমেন! যীশু খ্রীষ্ট, আগুনের স্তম্ভের আকারে; যেমন তিনি পুরাতন নিয়মে ছিলেন, তিনি যখন দম্মেশকের যাওয়ার পথে শৌলের সাথে দেখা করেছিলেন, আজ এখানে সেই একই যীশু আছেন! আর এটা কি করে? এটা কি ভয় নিয়ে আসে? এটি প্রেম নিয়ে আসে, একে অপরের মধ্যে ঐক্য। আমেন! একে অপরের প্রতি সহানুভূতি।

এটি ঈশ্বরের প্রেম নিয়ে আসে, ওহ্, আমাদের একত্রিত করে আর আমাদের নিয়ে আসে, খ্রীষ্টের দেহকে, ভার্য্যার একতায়। সেটাই এখন এটা করছে, এই মহান একত্রীকরণ যা ঈশ্বর...

112 *এখানে* একটি দল অপরের সাথে লড়াই করার জন্য, *এখানে* আরেকটি দল অপর আরেকটির সাথে লড়াই করার জন্য, তারা নিজেদেরকে একত্রিত করছে। এখানে মণ্ডলী তাদের মধ্যে দাঁড়িয়ে আছে; আপনারা কি ঘটছে তা দেখুন, এটি তাদের সাথে একত্রিত হবে। এটা একদম ঠিক। কিন্তু, এখন, আমরা খুঁজে পাই যে এটি ভয় এবং উদ্বেগ নিয়ে আসে।

113 কিন্তু মণ্ডলী, ভার্য্যা, এক ঈশ্বরের দ্বারা একত্রিত হয়েছে, এক আত্মার অধীনে, ঈশ্বরের আত্মা, ঈশ্বরের এক পবিত্র মিলনের দ্বারা, ঈশ্বরের এক পবিত্র ভার্য্যা হওয়ার জন্য। সেটা ঠিক, সকলে একসাথে; শরীরের ঐক্য। শরীর অপেক্ষা করছে ভার্য্যা হিসেবে; কারণ—কারণ এটি হল ভার্য্যা, যেমন আমরা নিজেদেরকে ভার্য্যা বলি। ভার্য্যার একত্রিত হওয়ার সময়ের জন্য, মণ্ডলী তাই একসঙ্গে আসছে। এটি আমাদের মধ্যে একটি প্রেম নিয়ে আসবে, আমরা একে অপরের থেকে দূরে থাকতে পারব না। সেটা ঠিক। যখন আপনি ধার্মিক, আপনাকে প্রার্থনা করার জন্য লোকেদের কাছে ভিক্ষা করতে হবে না, আপনাকে ঈশ্বরের উপাসনা করার জন্য তাদের কাছে ভিক্ষা করতে হবে না, যা সঠিক তা করার জন্য আপনাকে তাদের কাছে ভিক্ষা করতে হবে না। তারা তাকে এত ভালোবাসে, যে সেখানে অন্য কিছু নেই।

114 আপনি একজন মেয়ের বিষয়ে কি ভাবেন, একজন সুন্দর কুমারী, যে কোন সুদর্শন যুবককে বিয়ে করতে যাচ্ছে, যাকে সে খুব ভালোবাসে, এটি তার নিজের জীবনের চেয়েও তার কাছে মূল্যবান মনে হয়, আর সে জানে যে তারা বিয়ে করতে যাচ্ছে? বিয়ের দিন যতই ঘনিয়ে আসছে, সে, আমি আপনাকে বলছি, সে "চারপাশে গিয়ে।" দেখুন? সে সবকিছু প্রস্তুত করে; সে তার কাছে সম্পূর্ণ আত্মসমর্পণ করে। সেটা ঠিক। যা কিছু তাকে খুশি করে, সে শুধু তাই করতে চায়। ঠিক আছে, এটাই আজ মণ্ডলীর পথ হওয়া উচিত, যেন আমাদের জীবন খ্রীষ্টের মাধ্যমে ঈশ্বরের মধ্যে লুকিয়ে থাকে, সেখানে পবিত্র আত্মা দ্বারা মুদ্রাঙ্কিত।

115 আমি এখানে আপনাদেরকে যে বিষয়টি শিখিয়েছি, তা হল এই চিহ্ন এবং ঘটতে থাকা বিভিন্ন বিষয়, আমার এখন এটা করার সময় নেই; অন্য বার্তায়, যদি প্রভু চান। কিন্তু মণ্ডলীর এখনও একটি ছোট বিষয়ের অভাব রয়েছে। আর আমরা এটি চাই, এটিতে

যেতে, আর আমি এখন এটির প্রান্তে আছি। দেখুন ? আমরা এটিতে যেতে চাই, যদি...আপনাকে এটা করতে হবে। আপনি যদি এটি না করেন, এটি শুধু, আপনাকে অবশ্যই এটি করতে হবে। কারণ দেখুন, একত্রিত হওয়ার সময় সন্নিকট, কারণ ঈশ্বর মণ্ডলীকে একত্রিত করছেন একটি—একটি স্বর্গারোহণের জন্য। মহান মিলনের জন্য বিবাহে যেতে: যখন ঈশ্বর এবং মানুষ অনন্তকালের জন্য একত্রিত হবেন, যখন সময়ের প্রাণীরা চিরন্তনের সঙ্গে একত্রিত হবে।

116 এটি একবার পৃথিবীতে মনুষ্যপুত্রের আকারে করা হয়েছিল। এবং তাকে একটি শক্তি আনার জন্য, অন্য সকল ব্যক্তিদের একত্রিত করার জন্য তার জীবন দিতে হয়েছিল এই একই শক্তি দিয়ে, যীশু খ্রীষ্টের ভার্য্যার জন্য। আর এখন মণ্ডলী নিজেকে খ্রীষ্টের দেহের সাথে একত্রিত করছে। এটি নিজেকে মুক্ত করেছে, প্রতিটি ছোট প্রতিবন্ধক কেটে ফেলেছে, নিজেকে প্রস্তুত করছে; একত্রিত হচ্ছে, তাদের মিলন; ওহ, একটি প্রেম এবং আনন্দ, আর পবিত্র আত্মা তাদের মধ্যে গমনাগমন করছেন। ওহ, আমার, কি একটি সময় !

117 আমরা যেমন হাঁসদের প্রস্তুত হতে দেখি, আমরা রাজহংসদের প্রস্তুত হতে দেখি, আমরা পশুদের দেখতে পাই...মৌমাছিরা প্রস্তুত হয়, আমরা মেঘ বৃষ্টির জন্য প্রস্তুত হতে দেখি, আমরা সবকিছু দেখতে পাই; কিভাবে তারা একসাথে নিজেদেরকে একত্রিত করে, তাদের কার্য্যের জন্য। আমরা দেখছি জাতিসংঘ, জাতিসমূহ একসাথে, নিজেদেরকে সাম্যবাদে একত্রিত করছে। আমরা পশ্চিমা বিশ্বে তাদের নিজেদেরকে একত্রিত করতে দেখি। আমরা দেখি গির্জা নিজেকে একত্রিত করছে, এই সব অন্যান্যরা। তাই এটা একেবারেই অসম্ভব, অন্য কোনো সময় এইভাবে আর হতে পারে না; এটা বিশ বছর আগে এইভাবে হতে পারত না, এইভাবে হতে পারত না। দশ বছর আগে এইভাবে হতে পারত না, এখনই এটা হতে হবে। দেখুন, কারণ এই সমস্ত সম্প্রদায় আর ইত্যাদি এই স্থানে আসেনি।

118 এখন জাগ্রত হন! নিজেকে ঝাঁকুনি দিন, দ্রুত, আর এখানে দেখুন আমরা কোথায় আছি! আমরা কোথায় আছি? সেই জ্ঞানী ব্যক্তিদের মতো, আমরা তাঁর বাক্যের সাথে সঙ্গতিপূর্ণ, এবং প্রভুর আলো আমাদের পথে আলো প্রদান করছে। ঊর্দ্ধলোকে ঈশ্বরের মহিমা। ঈশ্বরের মহিমা হউক, যিনি আমাদের যীশু খ্রীষ্টকে দিয়েছেন, যাকে আমরা ভালোবাসি, আর আমাদের এই স্থানে নিয়ে এসেছেন। আর আমরা যেমন...আমরা তাঁর প্রজা, তাঁর রক্তের মূল্য দিয়ে ক্রয় করা।

119 ওহ, আমার! যখন একত্রিত হওয়ার সময় আসে, তখন আমরা তাকিয়ে থাকি, যেমন আমরা তাঁর আত্মার বন্ধনে একে অপরের সাথে একত্রিত হই, আমরা...এটা কি তাঁর আত্মা হতে পারে? অবশ্যই, এটা তার আত্মা। এটা কেন? এটা তার বাক্য, এবং তিনি...সেটাই হল বাক্যের আত্মা। আর যখন সেই প্রতিশ্রুতির আত্মা আপনার উপরে আসে এবং প্রকাশপ্রাপ্ত হয় এবং এখানে নিজেকে প্রকাশ করে, তখন কি একই আত্মা? প্রান্তরে মোশির সঙ্গে যিনি ছিলেন সেই জনই! যীশু খ্রীষ্টের উপরে ছিলেন! দম্মেশকের যাওয়ার পথে তিনিই শৌলের সাথে দেখা করেছিলেন! তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই! আর তিনি একই কাজ করেন!

120 আর আমরা জাতিসমূহদের একসাথে দেখি, আমরা গির্জার প্রধানদের একসাথে দেখি, আমরা সাম্যবাদকে একসাথে দেখি, আমরা বিভিন্ন সম্প্রদায়কে একত্রিত হতে দেখি, আমরা এই সব কিছু দেখি; আর এখন আমরা ভার্য্যাকে বাক্যের সাথে একত্রিত হতে দেখি। ওহ, আমার! এটা সেই সময় ধার্মিক ব্যক্তিরা উঠবেন, যারা জীবিত তাদের সাথে একত্রিত হওয়ার জন্য, অনন্তকালের জন্য যীশু খ্রীষ্টের সাথে একত্রিত হতে।

121 ঈশ্বর আমাদের সাহায্য করুন, প্রত্যেককে, আজ রাতে খ্রীষ্টের সাথে একত্রিত হতে, আমরা আমাদের যা কিছু আছে তা সমর্পণ করব, আমাদের যা কিছু আছে, আমাদের সমস্ত আত্মা, শরীর ও মন, যীশু খ্রীষ্টের, আর সেই একত্রিত হওয়ার সময়টি সন্ধান করুন।

> যখন ঈশ্বরের তূরী বাজবে, আর সময় থাকবে না,
> এবং চিরন্তন, উজ্জ্বল এবং সুন্দর প্রভাত প্রবেশ করে;
> যখন খ্রীষ্টে মৃতেরা উঠবে এবং অন্য তীরে একত্রিত হবে, (জীবিত ভার্য্যার সঙ্গে, একসাথে নীত হওয়ার জন্য।)

122 একত্রীকরণের দিকে দেখুন! ঈশ্বর মণ্ডলীকে তাঁর বাক্যের সাথে একত্রিত করছেন, বাক্য মণ্ডলীর সাথে, যাতে তারা উভয়ই এক হয়ে যায়, "*এটি* বলুন, আর সেটি ঘটে যাবে। *এটি* করুন, আর সেটি ঘটে যাবে। এটাই হল সেটা; এটা আমি আপনাদের সামনে, এটা আমি প্রমাণ করছি; এই আমি আপনাদের সঙ্গে।" ঠিক আছে।

123 আমরা দেখতে পাই যে এখন সময় এসেছে যখন তূরী বাজবে, এবং সেই ঘুমন্ত পবিত্র ব্যক্তিগণ সেখানে, তারা আমাদের ছাড়া সিদ্ধ হতে পারে না; তারা আমাদের উপর নির্ভর করছে (ইব্রীয়

১১); আর যখন তারা একসঙ্গে আসে, তারা জীবিতদের সাথে একত্রিত হয়। মণ্ডলী বাক্যের সাথে একত্রিত হচ্ছে, তারপর মণ্ডলী আর বাক্যের একসঙ্গে একত্রিত হয়, এক হয়ে যায়। জীবিত ধার্মিক ব্যক্তিরা মৃত ধার্মিক ব্যক্তিদের সঙ্গে এক হওয়ার জন্য একত্রিত হয়; আর সকলে একসাথে খ্রীষ্টের সাথে একত্রিত হতে যাচ্ছে, মেষশাবকের বিবাহের নৈশভোজের জন্য।

124 এটি একত্রিত হওয়ার সময়, এবং চিহ্নগুলি সর্বত্র দেখা যাচ্ছে। চিহ্ন জাতিসমূহে আছে, চিহ্ন সাম্যবাদে আছে, পশ্চিম বিশ্বের চিহ্ন, ধর্মসম্প্রদায়ের বিশ্ব পরিষদের চিহ্ন। আর চিহ্নটি পবিত্র আত্মার তত্ত্বাবধানে আজ রাতে এখানে রয়েছে, আর ঈশ্বরের বাক্য এটিকে নিশ্চিত করে এবং এটিকে সত্য করে তোলে। আমেন! একত্রিত হওয়ার সময়! একত্রিত হওয়ার সময়ের চিহ্ন!

আসুন আমরা মাথা নত করি।

125 প্রভু যীশু, যেমন আমার হৃদয় আনন্দে লাফিয়ে উঠে, যখন আমি আমার সম্ভাবনা দেখতে পাই, একজন মধ্যবয়সী পুরুষ, তবুও, এই প্রজন্মের মধ্যে আপনাকে দেখার সম্ভাবনা আমার আছে; জীবিত অবস্থায় আর এখানে দাঁড়িয়ে, তূরী ধ্বনিত হতে দেখা, "যে কলুষিত, সে ইহার পরেও কলুষিত হউক। যে ধার্ম্মিক, সে ইহার পরেও ধর্ম্মাচরণ করুক। এবং যে পবিত্র, সে ইহার পরেও পবিত্রীকৃত হউক।" হে প্রভু ঈশ্বর!

126 আর এটা ভেবে যে আমরা দাঁড়িয়ে, এক মুহূর্তে, চোখের পলকে, যখন বিশ্ব জানবে না কী ঘটছে, কিন্তু হঠাৎ করেই, আপনারা আপনাদের সামনে উপস্থিত হতে দেখবেন, আপনার প্রিয়জন যারা চলে গেছে, পুনরায় আপনার সাথে একত্রিত হতে এসেছে। আর আমরা এক মুহূর্তের মধ্যে বদলে যাব, চোখের পলকে; একসঙ্গে মেঘযোগে নীত হব, আমাদের প্রভুর সাথে দেখা করার জন্য। আর তারপরে তাঁর সাথে একত্রিত হব, চিরকাল সেখানে থাকার জন্য, আর কখনও তাঁর উপস্থিতির বাইরে থাকতে হবে না।

127 এটা আজ কত মহান বিষয়, প্রভু, এটা জানতে পেরে যে এখন আমরা এক আত্মার সাথে একত্রিত হয়েছি। এক আত্মা, পবিত্র আত্মা, তাঁর মুষ্টিতে বাক্য রয়েছে, আমাদের মধ্যে আসেন। আর এটি একটি মহান বিষয়, সমস্ত বিশ্বের থেকে আলাদা হয়ে যাওয়া একটি বিশেষাধিকার, যীশু খ্রীষ্টের সাথে নিজেদেরকে একত্রিত করার জন্য। আর এটা ভাবতে যে কোন দিন, শারীরিক ভাবে, তাঁর নিজের মহিমান্বিত দেহের মতো শরীর নিয়ে, আমরা বিবাহের

নৈশভোজে টেবিলে বসব এবং সেখানে তাঁর সাথে একত্রিত হয়ে বিবাহিত হব; বর ও কন্যা হয়ে পরবর্তী সময় ধরে, একটি অবিরাম অনন্তকাল ধরে।

128 প্রভু ঈশ্বর, এটি মানুষের কাছে শুধু একটি কাল্পনিক চিন্তা না হোক, কিন্তু এটি এমন বাস্তবতা হয়ে উঠুক যতক্ষণ না এই ধরনের ক্ষুধা ও তৃষ্ণা মানুষের মধ্যে প্রবেশ করে যে তারা...তাদের খবরের কাগজ পড়ে, তাকিয়ে...রেডিও এবং খবর শুনে, দেখছি এটা একটি একত্রিত হওয়ার সময়। চিহ্নগুলো জ্বলজ্বল করছে।

129 প্রভু ঈশ্বর, আমরা যেমন মহিলাদের কথা বলেছিলাম, শেষ সময়ে তারা কী করবে; শেষ সময়ে মণ্ডলী কি করবে; এবং মণ্ডলীর যুগ কি, এবং মুদ্রা কি, এই সব অন্যান্য বিষয়গুলি। আর আমরা এটি নোহের সময়ের মতো দেখতে পাই। আমরা দেখতে পাই, সদোম এবং লোটের সময়ের মতো, যখন ঈশ্বরের দূত মানব দেহে নিজেকে প্রকাশ করেছিলেন, যিনি গরুর মাংস খেয়েছিল এবং গরুর দুধ পান করেছিল, আর রুটি খেয়েছিল; আর সেখানে দাঁড়িয়ে তার পিছনে কি ঘটছে তা বলেছিলেন। আর যীশু বলেছিলেন যে একই জিনিস মনুষ্যপুত্রের আগমনে ঘটবে।

130 প্রভু ঈশ্বর, আমরা পিরামিড দেখেছি, কিভাবে আমরা সেখানে এটি তৈরি করেছি এবং কিভাবে আমরা এতে এই জিনিসগুলি যুক্ত করেছি; আর আমরা শেষ সময়ে আছি, প্রধান কোণের প্রস্তরের জন্য অপেক্ষা করছি। ঈশ্বরের মহিমা হউক! আমরা প্রার্থনা করি, পিতা, যে আপনি এখনই দ্রুত মানুষকে জাগিয়ে তুলবেন এবং আমাদের একত্রিত করবেন, যীশু খ্রীষ্ট এবং একে অপরের প্রতি ঈশ্বরীয় ভালবাসা এবং শ্রদ্ধার দ্বারা।

131 যদি আজ রাতে এখানে এমন কেউ থাকেন, যার মধ্যে বিশ্রামের আশা নেই, আপনি কি ঈশ্বরের কাছে হাত তুলে বলবেন, "প্রভু ঈশ্বর, আমাকে আপনার সাথে একত্রিত করুন, আমাকে আপনার সাথে একত্রিত করুন"? ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, ভাই। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, আর আপনাকে, আপনাকে; হ্যাঁ। "আমাকে আপনার সঙ্গে একত্রিত করুন, প্রভু।" হ্যাঁ! ওহ, আমার!

> জাতিসমূহ ভেঙ্গে যাচ্ছে, ইস্রায়েল জাগরিত হচ্ছে,

132 সেখানে ইস্রায়েলের দিকে দেখুন, একসঙ্গে একত্রিত হয়েছে। ইস্রায়েল, সারা বিশ্ব থেকে, নিজেদের একত্রিত করতে এসেছে; নিজেদের একত্রিত করতে আর এখন তারা একটি রাষ্ট্র। তারা একটি

ঐক্যবদ্ধ রাষ্ট্র: তাদের নিজস্ব পতাকা নিয়ে, নিজস্ব অর্থ, নিজস্ব সেনাবাহিনী, সবকিছু; যদি তারা কখনও ছিল, তারা এখন আছে। ইস্রায়েল একত্রিত হয়েছে, রোম একত্রিত হয়েছে, চার্চ একত্রিত হয়েছে। এবং ভার্য্যা একত্রিত হচ্ছে, আমেন; এবং সেই মহান মিলন আসছে। এটা কি ? এগুলি সবই সেই চিহ্নের দিকে এগিয়ে যাচ্ছে, সেই প্রধান মূল চিহ্ন, যীশু আর তাঁর ভার্য্যা একত্রিত হচ্ছেন।

133 পিতা ঈশ্বর, এই আশীর্বাদগুলি প্রদান করুন যা আমি এই লোকদের জন্য প্রার্থনা করছি, আর আমরা যেন আপনার সঙ্গে হৃদয় দিয়ে এবং আত্মায় একত্রিত হতে পারি, যখন তারা তাদের হাত উপরে উঠিয়েছে, এই আকাঙ্ক্ষা করে। প্রভু ঈশ্বর, আমাদের শুদ্ধ করুন আর আমাদের আপনার করে নিন; এটা প্রদান করুন, প্রভু। এটাই আমরা জানি এবং আমরা করতে পারি, তা হল প্রার্থনা করা। আর আপনি বলেছেন যে আমরা যদি প্রার্থনা করি এবং তা বিশ্বাস করি, তাহলে আমরা তা পাব; আমি এটির দিকে তাকিয়ে আছি, প্রভু। আমি যীশু খ্রীষ্টের নামে আপনাকে ধন্যবাদ জানাই। আমেন।

আমি তাকে ভালবাসি, আমি তাকে ভালবাসি
কারণ তিনি আমাকে প্রথমে ভালোবেসেছেন
আর আমার পরিত্রাণ ক্রয় করেছেন
কালভেরীর বৃক্ষে।

আমেন। ওহ, আমার !

দেখো, বর আসছে !
মধ্য রাত্রে এই উচ্চরব শুনি !
আমরা আনন্দধ্বনি উর্ধাকাশে নীত হব, যদি
আমরা সবাই স্থির থাকি,
আকাশে তাঁর সাথে মিলিত হব।

আমার ভাই, লক্ষ্য রাখুন আর প্রার্থনা করুন,
পাছে কেউ আপনার মুকুট কেড়ে নেয়,
কারণ কদুষ্ণ ও বিপথগামীরা
বিবাহের বস্ত্র পরিধান করিবে না।

134 সেটা ঠিক। আসুন এই মধ্য রাতের এই উচ্চরবের জন্য প্রস্তুত হই। এটি এমন এক সময়ে আসছে যখন আপনি সেটা মনে করেন না। সেখানে উচ্চরব হবে, অবিশ্বাসী জগতের মধ্যে নয়; এটি একটি গোপনীয় হবে। কিন্তু বিশ্বাসীরা, যারা এটি খুঁজছেন: আপনারা দেখেন তারাগুলো একরেখায় আসছে ? দেখুন ? এটি কি নিয়ে

আসে ? ঠিক যেমন প্রথমবার এটি করেছিল। দেখুন, আমরা এখানে আছি, চিহ্নগুলি আসছে।

> আমরা তাঁর আশীর্বাদপূর্ণ আগমনের চিহ্ন দেখতে পাচ্ছি,
> দেখুন, ডুমুরের পাতা এখন সবুজ হয়ে যাচ্ছে;
> রাজ্যের সুসমাচার প্রতিটি জাতির কাছে পৌঁছে গেছে;
> আর আমরা নিকটবর্তী, অন্ত দেখা যাবে।
>
> তারপর সানন্দে, দূরে, আমরা তাঁর আশীর্বাদপূর্ণ পুনরাগমনের বার্তা প্রচার করব,

135 এটা কি সঠিক ? ওহ্, "তাঁর আশীর্বাদপূর্ণ পুনরাগমনের বার্তা প্রচার করব !" এটাই আমাদের করতে হবে। সবাইকে বলুন, "প্রস্তুত হউন, ঈশ্বরের সাথে সাক্ষাতের জন্য প্রস্তুত হউন।" আমেন ! আমি তাকে ভালোবাসি। ওহ্, আমি কত তাকে ভালোবাসি। এখন, আসুন নিজের পায়ে দাঁড়িয়ে। আমরা যখন একে অপরকে বলি, আপনার পাশের জনের সঙ্গে করমর্দন করুন আর বলুন:

> পরবর্তী সাক্ষাৎ পর্যন্ত !

করমর্দন করুন।

> ...যতক্ষণ না আমাদের সাক্ষাৎ হয় !
> যতক্ষণ না আমরা যীশুর পদদেশে মিলিত হই;
> যতক্ষণ আমরা...

মনে রাখবেন, আপনার একটি ডাক আসতে পারে, আমাদের পরবর্তী সাক্ষাৎ হয়তো বা তাঁর পদদেশে হতে পারে।

> ওহ্, ঈশ্বর আপনার সাথে থাকুন যতক্ষণ না আমাদের আবার সাক্ষাৎ হয় !

136 এখন, একটু ভাবুন, আমাদের পুনরায় সাক্ষাতের আগে; রবিবার সকালে বা বুধবার রাতে দেখা করার আগে, এটা হতে পারে...প্রথম বিষয় আপনারা জানেন, কেউ নিখোঁজ হয়ে গেছেন। এই একজন নিখোঁজ হয়ে গেছেন, আর তারা চলে গেছে। ওহ্, আপনার স্বামী নিখোঁজ হয়ে গেছেন, অথবা আপনার স্ত্রী নিখোঁজ হয়ে গেছেন, আর—আর জনের স্ত্রী নিখোঁজ হয়ে গেছেন, আর—আর—আর এখানে বাচ্চারা নিখোঁজ হয়ে গেছে। সব ঘটে গেছে (কোন ঘটনা ঘটেছে ?), তখন আপনি পিছনে থেকে গেলেন !

ওহ্ কি ক্রন্দন ও দন্তঘর্ষণ,
যখন বিনাশগামীদের তাদের পরিণতি বলা হয়;
তারা প্রস্তর ও পর্ব্বতের নিকট ক্রন্দন করে,
(ইস্রায়েলের মতো, শহরে, মন্দিরে ফিরে গিয়ে।)
তারা প্রার্থনা করে কিন্তু তাদের প্রার্থনা অনেক দেরি হয়ে গেছে। (তারা বার্তা প্রত্যাখ্যান করেছে।)

137 ওহ্, ভাই, এমনটা কখনই করবেন না। আপনি যাই করুন না কেন, সেই কারণের জন্য সাহসী হয়ে দাঁড়ান! হ্যাঁ, মহাশয়!

138 এখন, আমাদের দেখা না হওয়া পর্যন্ত, আমরা এটি করব:

আপনার সাথে যীশুর নাম নিন,
প্রতিটি সাবধানতার একটি ঢাল হিসাবে;
যখন আপনার চারপাশে প্রলোভন জড়ো হয়, (আপনি কি করেন?)
প্রার্থনায় সেই পবিত্র নামটি নিন।

বহুমূল্য নাম, ওহ্ কত মধুর!
পৃথিবীর আশা এবং স্বর্গের আনন্দ;
বহুমূল্য নাম, ওহ্ কত মধুর!
পৃথিবীর আশা এবং স্বর্গের আনন্দ।

139 আসুন এখন আমাদের মাথা নত করি, যখন আমরা ধীরে গান গাই:

যীশুর নামে নত হওয়া,
তার পদদেশে প্রণিপাত করে,
স্বর্গে রাজাদের রাজা...তাকে মুকুট পরিধান করান,
আমাদের যাত্রা যখন শেষ হবে। (এটা হবে, একদিন।)

ওহ্ বহুমূল্য নাম, (মূল্যবান নাম!) ও কত মিষ্টি!

যতক্ষণ না আমাদের আবার সাক্ষাৎ হয়, ঈশ্বর আপনার সাথে থাকুন।

পৃথিবীর আশা এবং স্বর্গের আনন্দ;
বহুমূল্য নাম, ওহ্ কত মধুর! (কত মিষ্টি!)
পৃথিবীর আশা এবং স্বর্গের আনন্দ।

***একত্রিত হওয়ার সময় ও চিহ্ন*** BEN63-0818

(The Uniting Time And Sign)

ভাই উইলিয়াম মেরিয়ন ব্রানহামের দ্বারা এই বার্তাটি, ইংরেজী ভাষায় রবিবার সন্ধ্যায়, ১৮ আগস্ট, ১৯৬৩ খ্রীষ্টাব্দে, জেফারসনভিল, ইন্ডিয়ানা, মার্কিন যুক্তরাষ্ট্রের ব্রানহাম ট্যাবারনেকেলে প্রচার করা হয়েছিল, ম্যাগনেটিক টেপ রেকর্ডিং থেকে নিয়ে ইংরেজীতে অসংক্ষেপিত রূপে মুদ্রিত করা হয়েছে। এই বাংলা অনুবাদটি ভয়েস অফ গড রেকর্ডিং দ্বারা মুদ্রিত এবং বিতরণ করা হয়েছে।

BENGALI

©2023 VGR, ALL RIGHTS RESERVED

Voice Of God Recordings, India Office

19 (New No: 28) Shenoy Road, Nungambakkam

Chennai 600 034, India

044 28274560 • 044 28251791

india@vgroffice.org

Voice Of God Recordings

P.O. Box 950, Jeffersonville, Indiana 47131 U.S.A.

www.branham.org

## সত্ত্বাধিকার বিজ্ঞপ্তি

**সমস্ত অধিকার সংরক্ষিত।** যীশু খ্রীষ্টের সুসমাচার বিস্তার করার সাধনী হিসেবে এই বই বাড়িতে মুদ্রিত করা যেতে পারে ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বাইরে বিতরণ করার জন্য। এই পুস্তক ভয়েস অফ গড রেকর্ডিংস®এর লিখিত অনুমতি ছাড়া বিক্রি, প্রচুর মাত্রায় অনুলিপি করা, ওয়েবসাইট এ প্রদর্শন করা, সংরক্ষণ করা যায় এমন প্রণালীতে, অন্য ভাষাগুলিতে অনুবাদ করা, তহবিল এর জন্য আমন্ত্রণ করা যাবে না।

দয়া করে, আরও তথ্যের জন্য বা অন্যান্য উপলব্ধ উপাদানের জন্য যোগাযোগ করুন:

ভয়েস অফ গড রেকর্ডিংস
পোঃ বক্স ৯৫০, জেফারসনভিল্লে,ইন্ডিয়ানা ৪৭১৩১, ইউ.এস.এ.

www.branham.org